

তারেক রহমানের প্রতিনিধি হয়ে 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্টে' যাচ্ছেন জাইমা

পৃষ্ঠা ৮

bangla express™

# বাংলা এক্সপ্রেস

দেশে ও প্রবাসে বাংলার মুখপত্র

জামায়াতের কর্মীরা চাঁদাবাজি, মামলা-বাণিজ্যে জড়িত নেই: ডাঃ শফিকুর রহমান

পৃষ্ঠা ৩



রেজিষ্টার্ডঃ ঢা.প্র.জেঃ ৬০৫১ | ১৬ বর্ষ - সংখ্যা - ৩ | শনিবার | ৫ ফেব্রুয়ারী ২০২৫ | ২২ মাঘ ১৪৩১ | মূল্যঃ ৮ টাকা



## বাংলাদেশে বিনিয়োগের আগ্রহ প্রকাশ আমিরাতের বড় দুই কোম্পানির

সংযুক্ত আরব আমিরাতের দু'টি বড় কোম্পানি আবুধাবি পোর্টস গ্রুপ এবং মাসদার বাংলাদেশের বন্দর উন্নয়ন, বন্দর পরিচালনা ও লজিস্টিকস সহায়তা এবং নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে।

মঙ্গলবার (২৮ জানুয়ারি) ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে আবুধাবি পোর্টস গ্রুপের (এডিপিজি) সিইও আহমেদ ইব্রাহিম আল মুতাওয়া এবং মাসদারের এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের উন্নয়ন ও বিনিয়োগ প্রধান ফাতিমা আলমাধলুম আলসুওয়াইদি সাক্ষাৎ করে এসব বিনিয়োগ প্রস্তাব উপস্থাপন করেন। পৃষ্ঠা ২ : কলাম ২


## জনগণের বিপক্ষে কাজ করলে ৫ আগস্টের পরিণতি হবে



নেতাকর্মীদের উদ্দেশে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, জনগণের বিপক্ষে কাজ করলে ৫ আগষ্টের মত পরিণতি হবে।

মঙ্গলবার খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরার জেলার নেতাকর্মীদের উদ্দেশে দেয়া বক্তব্যে তারেক রহমান এ বার্তা দেন।

তারেক রহমান বলেন, আপনারা যদি (নেতাকর্মীরা) জনগণ থেকে বিচ্ছিন্ন হন তাহলে পরিণতি ৫ আগস্টের মতো হবে। ব্যক্তি স্বার্থ যদি দলের সাথে আঘাত করে তাহলে দল তাদেরকে কোনো রকম আশ্রয় প্রশ্রয় দেবে না। পৃষ্ঠা ২ : কলাম ২




## বইমেলার উদ্বোধন ও বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার দিলেন প্রধান উপদেষ্টা

অমর একুশে বইমেলার উদ্বোধন ও 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২৪' প্রদান করেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। শনিবার (১ জানুয়ারি) বিকেল ৩টার দিকে বাংলা একাডেমি ও সোহরাওয়ার্দী উদ্যান প্রাঙ্গণে অমর একুশে বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস এ পুরস্কার তুলে দেন।

এ সময় উপস্থিত ছিলেন সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক। স্বাগত বক্তব্য দেন বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজম। পৃষ্ঠা ৩ : কলাম ১

## যুক্তরাষ্ট্রে বেআইনিভাবে ঢোকা ভারতীয়দের ফেরাচ্ছে মোদি সরকার



মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বেআইনি অভিবাসীদের প্রতি কড়া মনোভাব দেখানোর পরিপ্রেক্ষিতে মোদি সরকারও ভারতীয়দের ফেরাতে উদ্যোগ নিচ্ছে। ২০২৪ সালে জো বাইডেনের আমলেও এক হাজার ৫২৯ জন ভারতীয়কে দেশে ফেরানো হয়েছে। তারা বেআইনিভাবে যুক্তরাষ্ট্রে থাকছিলেন। ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হওয়ার পর যুক্তরাষ্ট্রে বেআইনি অভিবাসীদের দেশে ফেরাতে কড়া নীতি নিয়েছেন। পৃষ্ঠা ২: কলাম ৩

## "কলেজে রাজনীতির আগে যেন শিক্ষার পরিবেশটা থাকে" -মোসাদ্দেক আলী



আলহাজ্ব আব্দুল মান্নান ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা ও এনটিভির চেয়ারম্যান আলহাজ্ব মোহাম্মদ মোসাদ্দেক আলী বলেছেন, ছাত্ররা আছে, রাজনীতি কলেজে থাকবে। কিন্তু, পরিস্থিতি যেন এমন না হয়ে যায়; রাজনীতিটা শিক্ষার আগে চলে যায়। আমি সব রাজনৈতিক দলকে শ্রদ্ধা করি। আমি অনুরোধ করব, রাজনীতির আগে যেন শিক্ষার পরিবেশটা থাকে। পৃষ্ঠা ২ : কলাম ১



## ভিসা সহজিকরণসহ আমিরাত প্রবাসীদের সমস্যা সমাধানে কতৃপক্ষের সঙ্গে কনসাল জেনারেলের বৈঠক

সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশিদের ভিসা সহজিকরণসহ প্রবাসীদের নানা জটিলতা নিরসনে মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্স এন্ড এমিরেটাইজেশন (MOHRE) এর আন্ডার সেক্রেটারির খলিল ইব্রাহিম খোরির সঙ্গে বৈঠক করেন দুবাইস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মোহাম্মদ রাশেদুজ্জামান।

বুধবার (২৯ জানুয়ারি) গুরুত্বপূর্ণ এই বৈঠকে দুবাই ও উত্তর আমিরাতে বাংলাদেশীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, ভিসা প্রাপ্তি ও ট্রান্সফার সহজীকরণ এবং এদেশে বসবাসরত প্রবাসী কর্মীদের সুযোগঅসুবিধা বৃদ্ধি নিয়ে আলোচনা হয়৷

সংযুক্ত আরব আমিরাতে প্রকৌশলী, ডাক্তার, নার্সসহ বিভিন্ন সেক্টরে অধিকহারে বাংলাদেশীদের নিয়োগের বিষয়ে খোরির দৃষ্টি আকর্ষণ করেন কনসাল জেনারেল রাশেদুজ্জামান। এছাড়া, তিনি দুবাইসহ আমিরাতের বন্দরসমূহে বাংলাদেশী নাবিকদের সাইন অফ/ট্রানজিট ভিসা প্রাপ্তিতে জটিলতা নিরসনে MOHRE-এর সহযোগিতা কামনা করেন।

ইব্রাহিম খোরি কনসাল জেনারেল-এর অনুরোধগুলো গুরুত্বসহকারে শোনেন এবং এ সকল বিষয়ে তার মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

বৈঠকে কনস্যুলেট-এর শ্রম কল্যাণ উইং আব্দুস সালাম, প্রথম সচিব শাহনাজ পারভীন এবং MOHRE-এর সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



## ছাত্র আন্দোলনের মুখে পদত্যাগ করলেন সার্বিয়ার প্রধানমন্ত্রী

ছাত্র আন্দোলনের মুখে পদত্যাগ করেছেন সার্বিয়ার প্রধানমন্ত্রী মিলোসি ভুকেভিক। মঙ্গলবার (২৮ জানুয়ারি) পদত্যাগের ঘোষণা দেন তিনি। খবর এপির।

সোমবার দেশটির ছাত্ররা রাজধানী বেলগ্রেডের একটি গুরুত্বপূর্ণ রাস্তা অবরোধ করেন। এতে যোগ দেন কৃষকরাও। তারা রাজধানীর গুরুত্বপূর্ণ সড়ক অবরোধ করার পরই প্রধানমন্ত্রীর ওপর পদত্যাগের চাপ বাড়তে থাকে। পৃষ্ঠা ২: কলাম ৪

## নারী কর্মীদের মালয়েশিয়া যেতে মানা করলো সরকার




বিস্তারিত পৃষ্ঠা ৪ : কলাম ৪

বাংলা এক্সপ্রেস পত্রিকায় বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুনঃ
+88 01758 689515 / +971 55 228 7869



# সম্পাদকীয়

## চির পরাধীনতায় জাতি

দেশের বৃহৎ রাজনৈতিক দল ছিল বাংলাদেশ আওয়ামীলীগ। ৫ আগষ্টের পর দলটি যেন ইতিহাসের অংশে পরিণত হচ্ছে। আওয়ামী শাসন আমলে যে বাংলাদেশ জামায়াতে ইসলামীকে যুদ্ধাপরাধী দল বলে একেবারেই কোনঠাসা করে রাখা হয়েছিল, এখন এ দলটি দেশের প্রত্যন্ত অঞ্চলে চষে বেড়াচ্ছে এবং ছোট খাটো মতানৈক্য ভুলে জোট বাঁধছে বিভিন্ন ইসলামী দলের সাথে। গত সপ্তাহে গুঞ্জন শোনা গেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ও চরমোনাইয়ের ইসলামী আন্দোলন বাংলাদেশ নির্বাচনের মাঠে এক হয়ে কাজ করবে। অন্যান্য ইসলামী দলগুলোও তাদের সর্বাত্মক তৎপরপরতা চালাচ্ছে একইভাবে।

যে দল যখন ক্ষমতায় আসে তাদের মূল মতাদর্শের থেকে তারা সরে যায় কিনা এ ব্যপারে সাধারণ জনগণ সব চাইতে বেশী পর্যবেক্ষণ করে। ফলাফলে যা পেয়েছি- কোন দলই তাদের কথা রাখতে পারেনি। বাংলাদেশ আওয়ামীলীগ ৪ মেয়াদে ২ বার ক্ষমতায় এসেছে। প্রথম বারে সবার অন্তরে আস্থা যোগালেও দ্বিতীয়বারে ক্ষমতায় এসে ভোট চুরি, সংসদ থেকে ইউনিয়ন পর্যন্ত দলীয়করণ, সরকারী-বেসরকারী সর্বস্তরে দূর্নীতি আর চাঁদাবাজির আঁখড়া করে বসেছিল।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল ক্ষমতায় এসেছে ৩টি মেয়াদে। তারা যে মেনিফেষ্ট নিয়ে ক্ষমতার মসনদে বসেছে, তার অধিকাংশই অপব্যবহারের রুপ দিয়েছে। বহুদলীয় গণতন্ত্রের কথা শোনালেও এক নায়কতন্ত্রের দূর্গন্ধে মরেছে এ জাতি। আওয়ামী বাকশালীদেরকে কোনঠাসা করতে গিয়ে সংসদীয় আইন সংশোধন করে নিজেদের ক্ষমতাকে স্থায়িত্ব করেছে।

জাতীয় পার্টিও কম নেয়নি সময়। সর্বশেষ স্বৈর শাসকের তকমা দিয়ে এরশাদ সাহেবকে ক্ষমতাচ্যুত করা হয়েছে। যারাই তাদের শাসনের প্রতিবাদ করেছে; তাদেরকেই যেতে হয়েছে ১৪ শলাকার বনবাসে। গোপনে ফাঁসি দেয়া হয়েছে কারাগারে। ক্ষমতার অপব্যবহার আর চাঁদাবাজি না করেছে কে? স্বাধীনতার পর থেকে এ জাতি শুধু স্বত্তা হারিয়েছে বারবার। এখন অন্তর্বর্তিকালীন সরকার ক্ষমতায়। সবাই তাঁকিয়ে আছে এবার কার পালা আসে।

বাংলাদেশ আওয়ামীলীগ ও জামায়াতে ইসলামী বাংলাদেশ পরস্পরে দুইটি আলাদা মতাদর্শের দল। কোথাও কোথাও সাংঘর্ষিকও মনে হয়। যেখানে আওয়ামীলীগ ধর্ম নিরপেক্ষতায় বিশ্বাস করে। তারা মনে করে যে, ধর্ম ব্যক্তিগত বিশ্বাসের বিষয় এবং রাষ্ট্রের কাজে ধর্মের কোনো ভূমিকা থাকা উচিত নয়। আওয়ামীলীগ সকল ধর্মের মানুষের সমান অধিকারের প্রতি শ্রদ্ধাশীল এবং ধর্মীয় সংখ্যালঘুদের অধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। তাদের বিশ্বাস একটি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য ভাষা, সংস্কৃতি এক হলেই যথেষ্ট। জাতীয় সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য সহিংস বিপ্লবের প্রয়োজন নেই, বরং গণতান্ত্রিক পদ্ধতির মাধ্যমেই এই লক্ষ্য অর্জন করা সম্ভব। যেখানে থাকবে সম্পদের সুষম বণ্টন, মানুষের জীবনযাত্রার মান উন্নত হবে উন্নত, তারা জনগণের ভোটাধিকার ও সংসদীয় পদ্ধতির সরকার ব্যবস্থাকে সমর্থন করে, যে সরকার জনগণের জবাবদিহিতায় বাধ্যবাধকতা রাখবে। এটাই হবে আগামীর বাংলাদেশ। এটাই ছিল এ জাতির জন্য বঙ্গবন্ধুর স্বপ্ন। বিগত দেড়যুগেরও বেশী সময়ের আওয়ামী শাসনামলে তারা কতটুকু এ জাতিকে দিতে পেরেছে তা এ জাতি গণনায় রেখেছে।

অপরদিকে বাংলাদেশ জামায়াতে ইসলামী বিশ্বাস করে যে আল্লাহই এই মহাবিশ্বের একমাত্র মালিক এবং সার্বভৌম ক্ষমতার অধিকারী। তাদের মতে, মানুষের তৈরি করা আইন বা শাসনব্যবস্থা আল্লাহর আইনের পরিপন্থী হলে তা অগ্রহণযোগ্য হবে। তারা একটি ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার কথা বলে, যেখানে ধনী-গরিবের মধ্যে কোনো বৈষম্য থাকবে না। সমাজের নৈতিক অবক্ষয় রোধ করতে সততা, ন্যায়পরায়ণতা, এবং মানবতাবোধের উপর গুরুত্ব দেয়। বাংলাদেশে ইসলামী শরীয়া আইনভিত্তিক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত করতে চায়, তারা মনে করে এর মাধ্যমেই দেশে শান্তি ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করা সম্ভব। গণতান্ত্রিক পদ্ধতিতে জনগণের ভোটাধিকারের মাধ্যমে ক্ষমতায় আসতে হলে তারাও গণতান্ত্রিক পদ্ধতিতে বিশ্বাসী। জামায়াতে ইসলামী মুসলিম বিশ্বের ঐক্য ও সংহতির উপর বিশেষভাবে জোর দেয়।

এ দল দু'টি অনেক ক্ষেত্রেই সাংঘর্ষিক মতবাদী। এ পর্যন্ত সবাই ক্ষমতায় গেলেও বাংলাদেশ জামায়াতে ইসলামী দলটি এখনো দেখাতে পারেনি তাদের বাস্তব নৈতিকতা। মিসরে আমরা দেখেছি ইসলামী দল হিসেবে ব্রাদারহুড এর উত্থান। ২০২০ সালে মিশরে থাকাকালীন অনেকের সাথেই আমার আলোচনায় এ কথা উঠে এসেছে যে, বিদেশী নামকরণ হলেও মূল ধারায় এ ইসলামী দলটি মওদূদীবাদের সমর্থক বলে মিশরীয়দের বিশ্বাস। মাত্র ৬ মাসেই আবার পতনও হয়েছে মুরসী শাসনের। কথায় আর কাজের মিল না থাকায় দলটিকে প্রত্যাখান করেছিল মিশরীয়রা।

এবার আমাদের বোঝার পালা। আবার কোন দলকে ক্ষমতায় বসালে কোন্দলের সৃষ্টি হবে কি না সে অপেক্ষায় জাতি। আমরা কি তাহলে কখনোই আমলাতন্ত্রের জটিলতা আর দুঃশাসন থেকে মুক্তি পাব না? এটাই কি আমাদের একাত্তরের যুদ্ধের মুক্তিসনদ? আজীবন কি চির পরাধীন জাতি হয়ে থাকবে এ জাতি?

**মোঃ হারুনুর রশীদ**
সম্পাদক

## বাংলাদেশে বিনিয়োগের আগ্রহ প্রকাশ আমিরাতের বড় দুই কোম্পানির

**১ম পৃষ্ঠার পরঃ** প্রধান উপদেষ্টা এই বিনিয়োগ প্রস্তাবকে স্বাগত জানিয়ে বলেন, 'বাংলাদেশ এখন ব্যবসার জন্য প্রস্তুত।'

এডিপিজি ও মাসদারের নির্বাহীদের উদ্দেশে তিনি বলেন, 'আপনারা আপনাদের টিম নিয়ে আসুন এবং যতগুলো কারখানা স্থাপন করতে চান, করুন।'

আবুধাবি পোর্টস গ্রুপ হলো চতুর্থ বৃহৎ বন্দর পরিচালনা ও লজিস্টিকস কোম্পানি। প্রতিষ্ঠানটি এক সপ্তাহেরও কম সময়ের ব্যবধানে আরব আমিরাতের ডিপি ওয়ার্ল্ড, ডেনমার্কের এপি মুল্যার মায়েস্ক এবং সৌদি আরবের রেড সি গেটওয়ে টার্মিনালের পর তারা বাংলাদেশের বন্দর ব্যবস্থাপনায় আগ্রহ প্রকাশ করলো।

বাংলাদেশে প্রস্তাবিত তিন বে টার্মিনালের মধ্যে একটি টার্মিনালকে আবুধাবি পোর্টস গ্রুপ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে যৌথ উদ্যোগে অর্থায়ন ও পরিচালনা এবং বহুমুখী টার্মিনাল ও কন্টেইনার রক্ষণাবেক্ষণের মাধ্যমে নির্মাণের আগ্রহ প্রকাশ করেছে।

প্রতিষ্ঠানটির সিইও আল মুতাওয়া বাংলাদেশের কর্তৃপক্ষের উষ্ণ মনোভাবের প্রশংসা করেন এবং আশা প্রকাশ করেন যে তাদের বিনিয়োগ বাংলাদেশের বন্দরগুলোতে জাহাজ চলাচল বৃদ্ধি করতে সহায়ক হবে।

নবায়নযোগ্য জ্বালানি প্রতিষ্ঠান মাসদার বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে পুনরুদ্ধারকৃত ভূমিতে ২৫০ মেগাওয়াটের একটি সৌর বিদ্যুৎ প্রকল্প স্থাপনের জন্য ৫০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রস্তাব দিয়েছে।

মাসদারের আঞ্চলিক বিনিয়োগ প্রধান ফাতিমা আলমাধলুম আলসুওয়াইদি বলেন, 'বাংলাদেশে নতুন ধারণা প্রদর্শনের ক্ষেত্রে আমরা অনেক বেশি সহায়ক।'

সাক্ষাৎকালে বাংলাদেশে নিযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আলহুমৌদি, প্রধান উপদেষ্টার হাই রিপ্রেজেনটেটিভ খলিলুর রহমান এবং এসডিজি বিষয়ক সিনিয়র সচিব লামিয়া মোরশেদ উপস্থিত ছিলেন।

দুবাই শাসকের পক্ষ থেকে প্রধান উপদেষ্টাকে ফেব্রুয়ারিতে আমিরাতে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড গভর্নমেন্ট সামিটে যোগদানের আমন্ত্রণপত্র হস্তান্তর করেন আবদুল্লাহ আলী আলহুমৌদি। **সংবাদ: বাসস**

## জনগণের বিপক্ষে কাজ করলে ৫ আগস্টের পরিণতি হবে

**১ম পৃষ্ঠার পরঃ** তিনি বলেন, বিএনপি ঘোষিত ৩১ দফা নির্বাচনের আগেই জনগণের কানে পৌঁছে দিতে হবে। নেতাকর্মীদের জনগণকে সাথে নিয়ে জনগণের পাশে থেকে বিএনপির ৩১ দফা বাস্তবায়ন করতে হবে বলেও মনে করিয়ে দেন।

তিনি আরও বলেন, অন্যায় বা খারাপ কাজ করলে যেকোনো পর্যায়ের নেতাকর্মীদের সাথে সম্পর্ক রাখবে না বিএনপি। জনগণ বিএনপির ওপর আস্থা রাখছে। কিন্তু সেই বিশ্বাস যারা নষ্ট করতে চায়, তাদের কোনো ছাড় দেয়া হবে না।

বিএনপি দেশকে স্থিতিশীল রাখতে চায় জানিয়ে তারেক রহমান বলেন, বিএনপি জনপ্রিয় কি না সে সিদ্ধান্ত জনগণ নেবে। ফলে জনগণের সাথে থাকতে হবে এবং সঙ্গে রাখতে হবে। কারো পক্ষে একাকী সব সমস্যার সমাধান করা সম্ভব নয়। সবাইকে ধৈর্য ধরতে হবে। এ সময় বিএনপি দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা চায় বলেও মন্তব্য করেন তিনি।

কর্মশালায় সাবেক সাংসদ হাবিবুল ইসলাম হাবিব, কাজী আলাউদ্দীন ও ডা. শহিদুল আলমসহ প্রশিক্ষক হিসেবে ঢাকা থেকে আগত বিএনপির উপদেষ্টা ও সাবেক সচিব ইসমাইল জাবিউল্লাহ, কেন্দ্রীয় বিএনপির প্রশিক্ষণ সম্পাদক মোশারফ হোসেন, প্রশিক্ষণ কমিটির সদস্য আতিকুর রহমান রুমন, সাবেক সাংসদ রেহানা আক্তার বানু, মাহবুবা হাবিবা, বজলুর রহমান খোকন ও ইকবাল হোসেন শ্যামল, জেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ ইফতেখার আলী, সদস্য সচিব আব্দুল আলিম ও জেলা বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

## "কলেজে রাজনীতির আগে যেন শিক্ষার পরিবেশটা থাকে" -মোসাদ্দেক আলী

**১ম পৃষ্ঠার পরঃ** শনিবার (১ ফেব্রুয়ারি) আলহাজ্ব আব্দুল মান্নান ডিগ্রি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার প্রদান অনুষ্ঠানে মোসাদ্দেক আলী এ কথা বলেন। বক্তব্যের শুরুতে মোসাদ্দেক আলী ভাষা শহীদদের রুহের মাগফিরাত কামনা ও তাদের প্রতি শ্রদ্ধা জানান। এ ছাড়া তিনি জুলাই-আগস্টের শহীদদের রুহের মাগফিরাত কামনা করেন ও আহতদের সুস্থতা কামনা করেন।

মোসাদ্দেক আলী বলেন, এই আব্দুল মান্নান ডিগ্রি কলেজ আমার বাবার নামে। আজকে একটি আনন্দের দিন। ১৯৯৫ সালে এ কলেজটি প্রতিষ্ঠিত করা হয়েছে। ৩০ বছর হয়ে গেছে। এ প্রতিষ্ঠানটি করার পেছনে এলাকাবাসী আমাকে অনেক সহযোগিতা করেছেন। দু-একজনের নাম বলতেই হয়। বিশেষ করে আমাদের তৎকালীন সংসদ সদ্য নিয়ামুতুল্লাহ সাবু, এ এলাকার কৃতি সন্তান হাবিবুর রহমান হাবিব, যিনি বিকেএসপিতে ছিলেন। এ এলাকার আরেক কৃতি সন্তান ইঞ্জিনিয়ার মতিউর রহমানসহ এলাকাবাসী আমাকে সহযোগিতা করেছেন। এ কলেজের সাবেক প্রিন্সিপালও সহযোগিতা করেছেন। উনি আজকে দুনিয়াতে নেই। আমি তাঁর রুহের মাগফিরাত কামনা করছি। এ এলাকার মানুষ আমাকে সব ধরনের সহযোগিতা করেছেন বলে আমি এ প্রতিষ্ঠানগুলো করতে পেরেছি। সব সম্পদের মালিক আল্লাহ রাব্বুল আলামিন। আমাদের জিম্মাদারিতে আছে, আমরা চেষ্টা করছি।

মোসাদ্দেক আলী আরও বলেন, এ কলেজের উন্নয়নে কিছু দাবির কথা বলেছেন। এ কলেজের উন্নয়ন তো আমারও একটা দাবি। এ তো আমারই কলেজ, আমাদেরই কলেজ। এ কলেজের উন্নয়নে যা করা দরকার, আমি সাধ্যমতো চেষ্টা করব। আমি আলহাজ্ব আব্দুল মান্নান ডিগ্রি কলেজের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের কাছে অনুরোধ করব, আপনারা আমাকে ভালো রেজাল্ট দেন; আমি কথা দিচ্ছি, আপনারা যা দাবি করেছেন, সব পূরণ হবে ইনশাল্লাহ।

## যুক্তরাষ্ট্রে বেআইনিভাবে ঢোকা ভারতীয়দের ফেরাচ্ছে মোদি সরকার

**১ম পৃষ্ঠার পরঃ** সম্প্রতি হাতকড়া পরিয়ে ব্রাজিলের বেআইনি অভিবাসীদের সেদেশে পাঠিয়েছে ট্রাম্প প্রশাসন। কলম্বিয়াতেও সামরিক বিমানে করে বেআইনি অভিবাসীদের পাঠানো হয়েছে।

এই পরিস্থিতিতে ভারত জানিয়ে দিয়েছে, যে সব ভারতীয় নাগরিক বেআইনিভাবে যুক্তরাষ্ট্রে ঢুকেছেন বা ভিসার মেয়াদ শেষ হওয়ার পরেও থেকে গেছেন, তাদের দেশে ফেরানো হবে।

### পররাষ্ট্র মন্ত্রণালয়ের বক্তব্য

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, 'আমরা বেআইনি অভিবাসনের বিরুদ্ধে। কারণ, এর সঙ্গে অনেক ধরনের সংগঠিত অপরাধের যোগ থাকে। শুধু মার্কিন যুক্তরাষ্ট্র নয়, বিশ্বের যে কোনো দেশে কোনো ভারতীয় যদি ভিসার মেয়াদ শেষ হওয়ার পর থেকে যান বা প্রয়োজনীয় নথিপত্র ছাড়া ঢোকেন, তাহলে আমরা তাদের ফিরিয়ে নেব।'

জয়সওয়াল আরও বলেন, 'তবে আমাদের কাছে আগে সব নথিপত্র দিতে হবে, আমরা যাচাই করে দেখবো। তারা যদি ভারতীয় হন, তাহলে আমরা বিষয়টি নিয়ে এগিয়ে যাবে। আমরা তাদের ভারতে ফিরিয়ে আনার প্রক্রিয়ায় সহযোগিতা করবো।'

তার কাছে জানতে চাওয়া হয়েছিল, কতজন বেআইনি ভারতীয় অভিবাসী যুক্তরাষ্ট্রে আছেন, যাদের ফিরিয়ে আনা হবে? জয়সওয়াল বলেছেন, 'এই প্রশ্নের জবাব দেওয়ার সময় এখনো আসেনি।'

সম্প্রতি ওয়াশিংটনে গিয়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করও বলেছেন, 'যদি কোনো ভারতীয় বেআইনিভাবে যুক্তরাষ্ট্রে থাকেন, তাহলে তাদের ফিরিয়ে নেওয়াটাই সরকারের নীতি। সরকার বেআইনি অনুপ্রবেশকে সমর্থন করে না।'

### যুক্তরাষ্ট্রে বেআইনিভাবে বসবাসরত ভারতীয়ের সংখ্যা

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্র জানাচ্ছে, ১৮ থেকে ২০ হাজারের মতো ভারতীয়কে প্রথমে ফেরত পাঠানো নিয়ে কথা চলছে। ব্লুমবার্গ জানিয়েছে, ১৮ হাজার বেআইনি ভারতীয় অভিবাসীকে চিহ্নিত করা গেছে। তাদেরই প্রথমে ফেরত পাঠানো হবে।

তবে এক প্রতিবেদনে নিউ ইয়র্ক টাইমস দাবি করেছে, সরকারি তথ্য অনুসারে, শুধু ২০২৩ সালেই ৯০ হাজার ভারতীয় বেআইনিভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে গিয়ে গ্রেপ্তার হয়েছে।

পিউ রিসার্চ রিপোর্টে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রে সাত লাখ ২৫ হাজার বেআইনি ভারতীয় অভিবাসী আছে। বেআইনি অভিবাসীদের সংখ্যার হিসাবে এক নম্বরে মেক্সিকো, তারপরেই আছে এল সালভাদোর, তিন নম্বরে ভারত।

### ট্রাম্প যা বলেছেন

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ফোনে কথা বলার পর সাংবাদিকদের মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানান, তিনি অভিবাসীদের বিষয়টি নিয়েও মোদির সঙ্গে আলোচনা করেছেন। বেআইনি অভিবাসীদের নেওয়ার ক্ষেত্রে যেটা ঠিক, প্রধানমন্ত্রী মোদি সেটাই করবেন।

### ভারতের মনোভাব

ভারতের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের অভিযোগ হলো, দিল্লি এই বেআইনি অভিবাসীদের নিয়ে কালক্ষেপণ করে, তারা সহযোগিতা করে না। কিন্তু এক্ষেত্রে দেখা যাচ্ছে, তারা এবার কালক্ষেপ না করে বেআইনি পথে ঢোকা ভারতীয়দের দেশে ফিরিয়ে আনার কথা বলছে।

প্রবীণ সাংবাদিক শরদ গুপ্তা ডিডাব্লিউকে বলেছেন, 'ভারতের এই সিদ্ধান্তের পিছনে বেশ কয়েকটি কারণ আছে। তার মধ্যে অন্যতম কারণ হলো, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে সম্পর্ক ভালো রাখতে চায় ভারত। নরেন্দ্র মোদি বলেছেন, ট্রাম্প তার ঘনিষ্ঠ বন্ধু। বর্তমান ভূরাজনৈতিক পরিস্থিতিতে বন্ধুকে পাশে পাওয়াটা ভারতের পক্ষে জরুরি।'

শরদ মনে করেন, 'প্রতিবছর ভারত থেকে এইচ১বি ভিসা নিয়ে প্রচুর ভারতীয় যুক্তরাষ্ট্রে চাকরি করতে যায়। তারা যাতে কোনো অসুবিধায় না পড়েন, সরকার সেটাও নিশ্চিত করতে চায়। এর সঙ্গে আরো একটা কারণ আছে। সেটা হলো, ট্রাম্প অতীতে একাধিকবার পণ্যের ওপর মাসুল বসানোর হুমকি দিয়েছেন। চীনের পণ্যের ক্ষেত্রে তিনি মাসুল বসিয়েছেন। ভারত চায় না, কোনো ভারতীয় পণ্যের ওপর ট্রাম্প মাসুল বসাক।'

বার্তাসংস্থা এএফপি জানিয়েছে, এস জয়শঙ্কর বলেছেন, 'আমরা চাই ভারতীয়দের প্রতিভা, ভারতীয়দের দক্ষতা বিশ্বে সর্বোচ্চ সুযোগ পাক। একইসঙ্গে আমরা বেআইনিভাবে অভিবাসীদের প্রবেশের কড়া বিরোধিতা করছি।'

তবে শরদ এটাও বলেছেন, 'যুক্তরাষ্ট্রের আইটি কোম্পানিগুলোর মাথায় ভারতীয়রা আছেন। মার্কিন তথ্যপ্রযুক্তি শিল্পের ক্ষেত্রে তাদের অবদানও প্রচুর। কিন্তু তারা ভারতে এসে কেন এই কাজটা করেন না? ভারত থেকে ব্রেন ড্রেইন হয়ে যাচ্ছে, আর দেশও তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে প্রতিভাবানদের সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এটাও ভাবা দরকার।'

## তুষারপাতের কবলে যুক্তরাষ্ট্রের ৫০ অঙ্গরাজ্য

**৮ম পৃষ্ঠার পরঃ** আবহাওয়াবিদ ক্রিস ডলস ওয়েদার ডটকমকে জানিয়েছেন, 'লুইসিয়ানার লাফায়েট এবং নিউ অরলিন্সে সরকারি রেকর্ড করা ঝড়ের মোট পরিমাণ মোবাইলফোন, আলাবামা ও পেনসাকোলা, ফ্লোরিডা, নিউ ইয়র্ক সিটি, ফিলাডেলফিয়া, সল্টলেক সিটি, ওমাহা, নেব্রাস্কার সিউক্স জলপ্রপাত ও দক্ষিণ ডাকোটায় যা দেখা গেছে তার চেয়ে বেশি।'

সোমবার (২৭ জানুয়ারি) ইউএসএটুডের এক প্রতিবেদন থেকে জানা গেছে, ঝড়ের তীব্রতা আরও একটি বিরল পরিস্থিতির তৈরি করেছে। দেশটির দক্ষিণের কয়েকটি শহরে উত্তরাঞ্চলীয় শহরগুলোর চেয়ে বেশি পরিমাণে তুষারপাত হয়েছে।

আবহাওয়াবিদ ক্রিস ডলসের বরাত দিয়ে প্রতিবেদনে আরও বলা হয়েছে, 'হাওয়াইতেও তুষারপাত হওয়ার বিষয়ে অবাক হওয়ার কিছু নেই। বিগ আইল্যান্ডের মাওনা কিয়া আগ্নেয়গিরির চূড়ায় অক্টোবরের শেষের দিকে প্রথম তুষারপাত হয়েছিল। তাই ১৩ হাজার ফুট উঁচুতে তুষারপাত একটি সাধারণ ঘটনা।'

ক্রিস ডলসের দেওয়া আবহাওয়া বার্তায় আরও বলা হয়েছে, এই একই সময়ে একাধিক স্থানে তুষার জমে থাকা একটি অস্বাভাবিক ঘটনা, তবে এটি ২০১০ সালের ফেব্রুয়ারি মাসেও ঘটেছিল।

## ছাত্র আন্দোলনের মুখে পদত্যাগ করলেন সার্বিয়ার প্রধানমন্ত্রী

**১ম পৃষ্ঠার পরঃ** গত বছরের ১৫ নভেম্বর নোভি সাদ শহরের একটি রেলস্টেশনের ছাদ ধসে ১৫ জন নিহত হন। এ ঘটনার পর দুর্নীতির অভিযোগ তুলে আন্দোলন শুরু করেন শিক্ষার্থীরা। তাদের দাবি, স্টেশন তৈরির সময় দুর্নীতি না করলে এত মানুষকে প্রাণ হারাতে হতো না।

গতকাল প্রেসিডেন্ট আলেক্সান্ডার ভুকিক বিক্ষোভকারীদের সঙ্গে আলোচনা এবং সরকারে বড় ধরনের রদবদল আনার ঘোষণা দিয়েছিলেন। এদিন ছাত্ররা রাজধানীর প্রাণকেন্দ্রকে সংযোগ করা অটোকোমান্ডা জংশন অবরোধ করেন। এতে করে রাজধানী শহর অচল হয়ে পড়ে।

নভেম্বরে আন্দোলনে নামার পর শিক্ষার্থীদের ওপর প্রতিদিনই হামলার ঘটনা ঘটতে থাকে। কিন্তু আন্দোলন দমে না গিয়ে বরং বাড়তে থাকে এবং একটা সময় ১০০টিরও বেশি শহরে ছড়িয়ে পড়ে। একে একে এই আন্দোলনে সমর্থন জানাতে থাকেন বিচার বিভাগের কর্মকর্তা, শিক্ষক, ব্যবসায়ী ও সাধারণ মানুষ।


গতকাল শিক্ষার্থীরা সড়ক অবরোধ করলে এতে সহযোগিতার জন্য এগিয়ে আসেন কৃষকরা। তারা বিশাল বিশাল ট্রাক্টর নিয়ে সেখানে হাজির হন।

আমিরাতে সড়ক দুর্ঘটনার শিকার প্রবাসীদের আর্থিক ক্ষতিপূরণ আদায়ের সার্বিক সহযোগিতা ও আইনি পরামর্শের জন্য যোগাযোগ করুন

+971 50 421 6801
+971 50 421 6801

bangla express
বাংলা এক্সপ্রেস
দেশে ও প্রবাসে বাংলার মুখপত্র

## বইমেলার উদ্বোধন ও বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার দিলেন প্রধান উপদেষ্টা




১ম পৃষ্ঠার পরঃ এর আগে গত ২৩ জানুয়ারি নাট্য গবেষক সৈয়দ জামিল আহমেদ, প্রাবন্ধিক সলিমুল্লাহ খানসহ ১০ জনকে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার দেওয়ার ঘোষণা দেওয়া হয়েছিল। পরে তালিকায় থাকা কারো কারো সম্পর্কে 'কিছু অভিযোগ' আসায় ২৫ জানুয়ারি পুরস্কার স্থগিত করা হয়।

এরপর ২৯ জানুয়ারি তিনজনকে বাদ দিয়ে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়। কথাসাহিত্যে সেলিম মোরশেদ, মুক্তিযুদ্ধে মোহাম্মদ হান্নান এবং শিশুসাহিত্যে ফারুক নওয়াজকে বাদ দিয়ে পুরস্কারের জন্য ৭ জনকে মনোনীত করে বাংলা একাডেমির নির্বাহী পরিষদ। তবে স্থগিত হওয়ার পর কথাসাহিত্যে সেলিম মোরশেদ তা প্রত্যাখ্যান করার কথা বলেন।

**এ বছরের বইমেলার প্রতিপাদ্য বিষয় 'জুলাই গণঅভ্যুত্থান : নতুন বাংলাদেশ নির্মাণ'।**

বইমেলায় অংশগ্রহণকারী ৭০৮ জন প্রকাশকের মধ্যে ৯৯টি স্টল বাংলা একাডেমি প্রাঙ্গণে, ৬০৯টি সোহরাওয়ার্দী উদ্যানে নির্মাণ করা হবে। গত বছর বইমেলায় ৬৩৫টি প্রতিষ্ঠানকে মোট ৯৩৭টি স্টল বরাদ্দ দেওয়া হয়েছিল। মেলায় ৩৭টি প্যাভিলিয়ন থাকবে। একটি বাংলা একাডেমিতে ও ৩৬টি সোহরাওয়ার্দী উদ্যানে। লিটল ম্যাগাজিন কর্নারটি সোহরাওয়ার্দী উদ্যানের উন্মুক্ত মঞ্চের কাছে গাছের নিচে থাকবে, তাতে প্রায় ১৩০টি লিটল ম্যাগাজিন স্টল থাকবে।

বইমেলার বিন্যাস গত বছরের মতোই থাকবে জানিয়ে সরকার আমিন বলেন, 'মেট্রোরেল স্টেশনের কাছাকাছি হওয়ায় বহির্গমন গেটটি মন্দিরের গেটের কাছাকাছি সরানো হয়েছে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি, দোয়েল চত্বর, এমআরটি বেসিং প্ল্যান্ট ও ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশের কাছে প্রবেশ ও বের হওয়ার জন্য চারটি পয়েন্ট থাকবে।

সরকার আমিন জানান, মেলার সীমানা বরাবর খাবারের স্টলের আয়োজন করা হবে ও মেলাপ্রাঙ্গণে ৩০টি শৌচাগার স্থাপন করা হয়েছে, যা মেলার ইতিহাসে সর্বোচ্চ।

আয়োজকরা জানিয়েছেন, এই বছর অমর একুশে বইমেলা পরিবেশবান্ধব এবং শূন্য-বর্জ্য হওয়ার লক্ষ্যে পরিচালিত হচ্ছে। 'সব অংশগ্রহণকারী এবং বইমেলার অংশীদারদের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের পরিবর্তে পাট, কাপড় ও কাগজের মতো টেকসই উপকরণ ব্যবহার করার জন্য উৎসাহিত ও অনুরোধ করা হচ্ছে।'

বইমেলা প্রতি কর্মদিবসে সবার জন্য বিকেল ৩টা থেকে রাত ৯টা এবং সরকারি ছুটির দিনে বেলা ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত উন্মুক্ত থাকবে। দুপুরের খাবার ও নামাজের জন্য এক ঘণ্টা বিরতি থাকবে। ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মেলা সকাল ৮টা থেকে শুরু হয়ে রাত ৯টা পর্যন্ত চলবে।

## জামায়াতের কর্মীরা চাঁদাবাজি, মামলা-বাণিজ্যে জড়িত নেই: শফিকুর



জামায়াতে ইসলামীর কর্মীরা দেশের কোথাও চাঁদাবাজি, দখলে নেই মন্তব্য করে দলটির আমির শফিকুর রহমান বলেছেন, 'দেশে পরিবর্তনের পর আমাদের কর্মীরা হাট, জলমহাল, বালুমহাল দখলে ঝাঁপিয়ে পড়েনি। দেশের কোথাও আমাদের কেউ এসব করছেন না। আমাদের কর্মীরা মামলা ও গ্রেপ্তার-বাণিজ্যে জড়িত নেই। তাঁরা জানেন, এগুলো হারাম।'

শনিবার দুপুরে সুনামগঞ্জ পৌর শহরের সরকারি উচ্চবিদ্যালয় মাঠে জেলা জামায়াত আয়োজিত কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে শফিকুর রহমান এ কথা বলেন। তিনি দুপুর ১২টা ২৫ মিনিটে বক্তব্য শুরু করে বেলা একটার দিকে শেষ করেন। কর্মী সম্মেলনে সূচনা বক্তব্য দেন জেলা জামায়াতের আমির মাওলানা তোফায়েল আহমদ খান।

যাঁরা খুন ও গুমে জড়িত, অগ্রাধিকার দিয়ে তাঁদের বিচার করার দাবি জানিয়ে শফিকুর রহমান বলেন, 'এটা প্রতিশোধ নেওয়ার জন্য নয়। এটা এ জন্য, যারা খুন করে, খুনি তাদের পরিণতি দেখে যেন অন্যরা শিক্ষা নেয়। মানবসমাজকে কলঙ্কমুক্ত করার জন্যই এই বিচার করতেই হবে।'

জামায়াতের আমির বলেন, 'আমাদের নেতা-কর্মীদের মনে অনেক কষ্ট, দুঃখ ও ব্যথা আছে। কিন্তু আমরা ক্লিয়ার করেছি, আমরা আইন হাতে তুলে নেব না। আমাদের অনেক নির্যাতন করা হয়েছে। মিথ্যা মামলায় নেতাদের ফাঁসি দেওয়া হয়েছে। দলের নিবন্ধন বাতিল করা হয়েছে। সব শেষে দিশাহারা হয়ে আমাদের দলকে নিষিদ্ধ করা হয়েছে।'

জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের প্রসঙ্গ তুলে জামায়াতের আমির বলেন, 'আমাদের সন্তানেরা রাস্তায় নেমে ন্যায়বিচার চেয়েছে, তারা বৈষম্যহীন সমাজ চেয়েছে। এত রক্ত দিয়ে যারা আমাদের মুক্ত পরিবেশ দিয়েছে, তাদের স্বপ্নপূরণ করতে হবে। তারা পচা সমাজ চায় না। তারা শ্রেষ্ঠ সমাজ গড়তে চায়। তাই পরস্পরকে সম্মান ও মর্যাদা দিয়ে বৈষম্যহীন, মানবিক দেশ গড়তে হবে। জামায়াতে ইসলামী সেই দেশ গড়ার স্বপ্ন নিয়ে এগোচ্ছে।'

জামায়াত যদি ক্ষমতায় যায়, শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেবে বলে জানিয়েছেন শফিকুর রহমান। তিনি বলেন, 'অনেক দেশে পড়াশোনা শেষেই চাকরির ব্যবস্থা হয়ে যায়। আমরা শিক্ষাকে গুরুত্ব দেব। নৈতিক শিক্ষা গুরুত্ব পাবে। শিক্ষা শেষে সনদের সঙ্গে সঙ্গে যেন যোগ্যতা অনুযায়ী মর্যাদাপূর্ণ কাজ পাওয়া যায়, সেটার ব্যবস্থা করা হবে।'

জামায়াতকে নিয়ে অনেকে বদনাম করেন, উল্লেখ করে দলটির আমির বলেন, 'আমাদের সমালোচনা করুন। যাঁরা সমালোচনা করেন, তাঁরা আমাদের বন্ধু। আমরাও মানুষ, আমাদের ভুল হতে পারে। তবে যে অভিযোগই করা হোক, তার সত্যতা থাকতে হবে। আর যদি এসব মিথ্যা হয়, তাহলে আমাদের পাশে থাকবেন। ভালো কাজে সহযোগিতা করবেন, হৃদয়ে স্থান দেবেন।'

ধর্ম-বর্ণের ভিত্তিতে জামায়াত বিভাজনে বিশ্বাস করে না মন্তব্য করে শফিকুর রহমান বলেন, 'মেজরিটি, মাইনরিটি বলে কোনো বিষয় নেই। সংবিধান সবাইকে সমান অধিকার দিয়েছে। আমরা সবার সম্মান ও মর্যাদায় বিশ্বাসী।'


জামায়াতের আমির বলেন, 'আমরা চাই না, দেশে একটা পরিবর্তন হলে বিভিন্ন উপাসনালয়ে পাহারা বসাতে হবে। এমন একটি সামাজিক নিরাপত্তাবলয় গড়ে তুলতে চাই, যেখানে মসজিদ, মন্দির, প্যাগোডা, মঠ-কিছুই পাহারা দিতে হবে না। তবে কিছু দুষ্ট লোক তো আছেই, যারা অপকর্ম করে। ৫ আগস্টের পর আমরা একনাগাড়ে ১৫ দিন পাহারার ব্যবস্থা করেছি।'

আওয়ামী লীগ ও শেখ হাসিনাকে ইঙ্গিত করে শফিকুর রহমান বলেন, 'সাড়ে ১৫ বছর অনেকেই ক্ষমতা দাপিয়ে বেরিয়েছেন। আমাদের ভিসা, টিকিট ছাড়া দেশের বাইরে পাঠিয়ে দেওয়ার কথা বলা হতো। যাঁরা এসব বলতেন, তাঁরাই ভিসা ও টিকিট ছাড়া দেশ ছেড়েছেন। আমরা বলি, ফিরে এসে দেখেন, দেশের কী করে গেছেন, বারোটা বাজিয়ে গেছেন।'

জেলা জামায়াতের সেক্রেটারি মো. মোহাম্মদ আবদুল্লাহর সঞ্চালনায় কর্মী সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য দেন কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের, ঢাকা মহানগর উত্তরের আমির ও কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মুহাম্মদ সেলিম উদ্দিন, সিলেট মহানগর জামায়াতের আমির মো. ফখরুল ইসলাম ও সিলেট জেলা আমির মাওলানা হাবিবুর রহমান।

কর্মী সম্মেলনে অন্যান্যের মধ্যে সুপ্রিম কোর্টের আইনজীবী মোহাম্মদ শিশির মনির, হবিগঞ্জ জেলার আমির কাজী মাওলানা মুখলিছুর রহমান, মৌলভীবাজার জেলার আমির মো. শাহেদ আলী, সুনামগঞ্জ জেলার নায়েবে আমির মো. শামস উদ্দিন ও মোমতাজুল হাসান আবেদ, সুনামগঞ্জ পৌর শাখার আমির আবদুস সাত্তার মো. মামুনসহ দলটির বিভিন্ন উপজেলার নেতারা বক্তব্য দেন। মঞ্চে শুভেচ্ছা বক্তব্য দেন জুলাই গণ-অভ্যুত্থানে ঢাকায় শহীদ সুনামগঞ্জের আয়াতুল্লাহর বাবা সিরাজুল ইসলাম ও সোহাগ মিয়ার বাবা আবদুস সালাম।

## বিশ্ব বিজ্ঞান একাডেমির ফেলো হলেন গোলাম মোর্শেদ



উন্নয়নশীল দেশগুলোতে বিজ্ঞান অগ্রগতির জন্য প্রতিষ্ঠিত 'বিশ্ব বিজ্ঞান একাডেমি' (টিডাব্লিউএএস)-এর ফেলো হলেন বাংলাদেশি-কানাডিয়ান বিজ্ঞানী মুহাম্মদ গোলাম মোর্শেদ।


মাইক্রোবায়োলজিতে অবদান এবং বিভিন্ন পর্যায়ে গবেষণা, শিক্ষা ও ক্লিনিক্যাল সেবায় নেতৃত্ব দেওয়ায় তাঁকে এ সম্মাননা দেওয়া হয়।

মুহাম্মদ গোলাম মোর্শেদ বর্তমানে কানাডার ব্রিটিশ কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি ও ল্যাবরেটরি মেডিসিন বিভাগের ক্লিনিক্যাল অধ্যাপক এবং ব্রিটিশ কলাম্বিয়া সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল পাবলিক হেলথ ল্যাবরেটরির ক্লিনিক্যাল মাইক্রোবায়োলজিস্ট। ১৯৯৭ সাল থেকে তিনি এ পদে আছেন।

১৯৯৬ সালে কানাডায় যাওয়ার আগে তিনি বাংলাদেশের আন্তর্জাতিক উদরাময় রোগ গবেষণা কেন্দ্র (আইসিডিডিআরবি), ঢাকা শিশু হাসপাতাল, বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইনস্টিটিউট এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কাজ করেছেন।

> অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার নিরপেক্ষতা বজায় রাখতে না পারলে নির্বাচন করতে পারবেন না বলে জানিয়েছেন বাংলাদেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

## আ.লীগের মতো জবরদখল ও মাস্তানি করা যাবে না : মির্জা ফখরুল



মানুষ আর বিচারবহির্ভূত হত্যাকাণ্ড দেখতে চায় না, কুমিল্লার ঘটনা যেন পুনরাবৃত্তি না হয় সেই আহ্বান জানিয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আওয়ামী লীগের মতো জবরদখল ও মাস্তানি করা যাবে না। এটা বন্ধ করতে হবে।


শনিবার (১ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর উত্তরায় শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে বিএনপির মহাসচিব দলের স্থানীয় নেতাকর্মীদের প্রতি এ আহ্বান জানান।

এ সময় মির্জা ফখরুল ইসলাম বিএনপি নেতা ইলিয়াস, রাজধানীর উত্তরায় নিহত ছাত্রদল নেতা মুন্না ও যৌথবাহিনীর হাতে আটক যুবদল নেতা মো. তৌহিদুল ইসলামের মতো ঘটনার আর পুনরাবৃত্তি বিএনপি চায় না বলে জানান।

মির্জা ফখরুল ইসলাম আরও বলেন, যারা দখলদারিত্ব করবে তারা দল ও দেশের শত্রু। আওয়ামী লীগের মতো জবরদখল ও মাস্তানি করা যাবে না। এটা বন্ধ করতে হবে। নির্বাচনে জনগণের ভালোবাসা অর্জন না করলে দেশ পরিচালনা করতে পারবে না বিএনপি।

এসময় মহাসচিব ছাত্রদের নতুন দল গঠনে স্বাগত জানিয়ে বলেন, সরকারে থেকে দল করলে মানুষ তা মেনে নেবে না। সরকারকে নিরপেক্ষ থেকে নির্বাচন পরিচালনা করতে হবে।

মির্জা ফখরুল আরও বলেন, কাঁধে কাঁধ মিলিয়ে গণতন্ত্র ও নির্বাচনের জন্য কাজ করতে হবে। ঐক্য ভাঙার চেষ্টা চলছে। তাই আওয়ামী লীগের কাউকে দলে নেওয়া যাবে না।



# নির্বাসন ও কোভিড লকডাউনের গল্পে লেখা ফুলকুমারী, প্যারিসে আবেগঘন প্রকাশনা



**বিশেষ প্রতিবেদক মামুন মাহিনঃ** প্যারিসের লো পারশঁ হোটেলের বলরুমে লেখক ও অ্যাক্টিভিস্ট পিনাকী ভট্টাচার্যের ফুলকুমারীর বুক লঞ্চিং অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যায় এটি অনুষ্ঠিত হয়।

ফুলকুমারী বই পিনাকী ভট্টাচার্যের শরণার্থী জীবনের উপর ভিত্তি করে রচিত। যেখানে লেখক কোভিড মহামারির কঠিন সময়ে নির্বাসিত জীবন এবং একটি ইঁদুরের সঙ্গে কথোপকথনের মাধ্যমে উপন্যাসটির পট তৈরি করেছেন।

বইটি ইতিমধ্যে অনলাইন মার্কেট প্লেস অ্যামাজনে দক্ষিণ এশীয় ক্যাটাগরিতে বেস্ট সেলারে জায়গা করে নিয়েছে। বইটি প্রকাশ করেছে প্যারিসভিত্তিক প্রকাশনা সংস্থা পিক্ট বুকস।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যারিস ইনস্টিউট ফর ক্রিটিক্যাল থিংকিং (পিক্ট) এর এক্সিকিউটিভ ডিরেক্টর এভ্রিম সালিম সাইয়ের এবং পিক্ট-এর এডিটর এট লার্জ ডেভিড সালিম সাইয়ের।

অনুষ্ঠানটি বাংলা এবং ইংরেজি দুই সেশনে পরিচালিত হয়। বাংলা সেশনের সঞ্চালনায় ছিলেন সিনিয়র সাংবাদিক মাহবুব হোসাইন এবং ইংরেজি সেশনের সঞ্চালনা করেন তরুণ অ্যাক্টিভিস্ট মানুচেহের শাফি।

প্রকাশন অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন অ্যাক্টিভিস্ট মুহাম্মদ আলী চৌধুরী।

ফ্রান্সের বাংলাদেশ কমিউনিটির বিভিন্ন স্তরের ব্যক্তিরা ছাড়াও অনুষ্ঠানে সাংবাদিক, কবি, সাহিত্যিক এবং মানবাধিকার কর্মীরা উপস্থিত ছিলেন।

এভ্রিম সাইয়ের বলেন, 'পিনাকী ভট্টাচার্য আমাদের গবেষণা সংস্থায় দীর্ঘদিন ধরে কাজ করছেন। ফুলকুমারী প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত। ইতিমধ্যে এটি বেস্ট সেলার হয়েছে। আমরা ভবিষ্যতে পিনাকীর সাথে আরও কাজ করতে চাই।'

বইটির এডিটর ডেভিড সালিম সাইয়ের বলেন, 'আমি এক বছর ধরে বইটি নিয়ে পিনাকীর সাথে কাজ করেছি। এটির শুরু থেকে প্রকাশ পর্যন্ত নানা ছন্দে বিভক্ত ছিল। বিশেষ করে বাংলাদেশের গণঅভ্যুত্থান ও এটিকে কেন্দ্র করে সংগঠিত ঘটনা বইটিকে কেন্দ্র করে পুরো প্রেক্ষাপট পালটে দিয়েছে।'

তিনি আরও যোগ করেন, 'ফুলকুমারী শুধুমাত্র উপন্যাস না। এটি মূলত একটি আত্মজীবনীমূলক কথাসাহিত্য। পাঠকেরা এটিকে পছন্দ করবেন বলে আমার বিশ্বাস।'

বইয়ের লেখক পিনাকী ভট্টাচার্য তার বক্তব্যে বইয়ের একটি অংশ শ্রোতাদের সামনে পড়েন। ওই সময় আলোচনায় তিনি বাংলাদেশের টেকনাফের একরাম হত্যাকাণ্ডের ঘটনা উল্লেখ করতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন।

ফুলকুমারীতে স্থান পেয়েছে টেকনাফের আলোচিত একরাম হত্যাকাণ্ডের ঘটনাটি।

পিনাকী ভট্টাচার্য বলেন, বাংলাদেশি লেখকদের বৈশ্বিক পাঠক মহলকে আকৃষ্ট করতে ইংরেজিসহ অন্যান্য ভাষায় লেখা উচিৎ। এর ফলে বাংলাদেশের সাথে বিশ্বের যোগাযোগ বৃদ্ধি পাবে।

পাঠকদের মধ্যে ফুলকুমারী বইয়ের উপর আলোচনা করেন অ্যাক্টিভিস্ট মনোয়ার পাটোয়ারী এবং পিনাকী ভট্টাচার্যের সহধর্মিণী আনজুমান আরা বেগম।

ফ্রান্সের বাংলাদেশ কমিউনিটির ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক মান্নান আজাদ, কমিউনিটি ব্যক্তিত্ব টি এম রেজা, গ্লোবাল সিকিউরিটি কনসালটেন্ট আনিসুর রহমান, ব্যবসায়ী শহিদুল ইসলাম, সাংবাদিক কামরুজ্জামান, নারী নেত্রী শামীমা আক্তার রুবী, সাবেক সেনা কর্মকর্তা মীর জাহান, ব্যাংকার ইফতেশাম চৌধুরী, কবি বদিউজ্জামান জামান, লেখক খান আনোয়ার হোসেন, বিসিএফ প্রতিনিধি মোসাদ্দেক সাইফুল, সাংবাদিক ওমর ফারুক, সাংবাদিক মোমিন আনসারী, তরুণ এক্টিভিস্ট ওয়াদুদ তানভীর, শাহজাহান আহমেদসহ প্রমুখ।

এছাড়া অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন বাংলাদেশ কমিউনিটি ইন ফ্রান্স (বিসিএফ) এবং ফ্রান্স-বাংলাদেশ জার্নালিস্ট এসোসিয়েশন (এফবিজেএ)-এর প্রতিনিধিরা।

# সুস্থ হয়ে সৌদির উদ্দেশে দুবাই ছাড়লেন বাবর



সংযুক্ত আরব আমিরাতের বাণিজ্যিক রাজধানী দুবাইয়ে প্রায় আট ঘণ্টা চিকিৎসা নিয়ে অনেকটা সুস্থ হয়ে উঠেছেন সদ্য কারামুক্ত সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর। পরে তিনি সৌদি আরবের উদ্দেশে রওনা দেন।


শুক্রবার (৩১ জানুয়ারি) আমিরাতের স্থানীয় সময় বিকেল ৩টা ৪৫ মিনিটে ইকে ৮০৩ ফ্লাইটে করে দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেন তিনি। এসময় তার সঙ্গে ছিলেন ছেলে লাবিব বিন জামান ও মৌলভীবাজার জেলা বিএনপির সদস্যসচিব আবদুর রহিম রিপন।

আমিরাত বিএনপির আহ্বায়ক জাকির হোসেন জানান, দুবাই হাসপাতালে জরুরি বিভাগে প্রায় আট ঘণ্টা চিকিৎসা নেন লুৎফুজ্জামান বাবর।

সেখানে চিকিৎসকরা তাকে নিবিড় পরিচর্যায় রাখেন। শুক্রবার দুপুরে তিনি সুস্থতা অনুভব করলে তাকে সৌদি আরবে যাওয়ার অনুমিত দেওয়া হয়। পরে বিকেলে এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে তিনি দুবাই থেকে জেদ্দার উদ্দেশে রওনা দেন।

এর আগে বৃহস্পতিবার সপরিবারে ঢাকা থেকে জেদ্দা যাওয়ার পথে এমিরেটস এয়ারলাইন্সে হঠাৎ তার প্রচণ্ড শ্বাসকষ্ট হয়। পরে দুবাইয়ে বিমান অবতরণের পর বিমানবন্দরের কাছে একটি ক্লিনিকে তাকে ভর্তি করা হয়।

# আমিরাতে শাবান মাসের চাঁদ দেখা গেছে



সংযুক্ত আরব আমিরাতের শাবান মাসের চাঁদ দেখা গেছে। বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) আমিরাতের আন্তর্জাতিক জ্যোতির্বিদ্যা কেন্দ্রের (আইএসি) জ্যোতির্বিদরা শাবানের অর্ধচন্দ্রটি শনাক্ত করেন। যার অর্থ দেশটিতে কাল শুক্রবার থেকে শুরু হবে নতুন মাস। শাবানের পরই শুরু হয় পবিত্র রমজান।

আন্তর্জাতিক জ্যোতির্বিদ্যা কেন্দ্র জানিয়েছে, বৃহস্পতিবার সকাল ৯টা ৩০ মিনিটের দিকে আল খাতেম কেন্দ্র থেকে চাঁদের ছবি তোলা হয়। সূর্য থেকে চাঁদটির দূরত্ব ১০ দশমিক ৫ ডিগ্রি ছিল বলেও জানিয়েছে সংস্থাটি। এছাড়া কাল থেকে মধ্যপ্রাচ্যের বেশিরভাগ দেশে শাবান মাস শুরু হবে বলে জানিয়েছে তারা। এদিকে বাংলাদেশ, ইরান, পাকিস্তান ও মরক্কোতে একইদিনে শাবান মাস শুরু হতে পারে বলে ধারণা করেছিল আইএসি। তবে বাংলাদেশের আকাশে আজ চাঁদ দেখা যায়নি। ফলে বাংলাদেশে ১ ফেব্রুয়ারি শাবান মাস গণনা শুরু হয়।

জ্যোতির্বিদ্যা কেন্দ্রের তোলা শাবান মাসের অর্ধচন্দ্রের ছবি। শাবান ইসলামিক ক্যালেন্ডারের অষ্টম মাস। আর এই মাসটিতে মুসলিমরা রমজানের প্রস্তুতি নেওয়া শুরু করেন। রমজানে দীর্ঘ এক মাস সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত সব ধরনের পানাহার থেকে বিরত থেকে রোজা রাখবেন তারা।

ইসলামিক মাসগুলো ২৯ অথবা ৩০ দিনের হয়ে থাকে। চাঁদ দেখার ওপর নির্ভর করে মাস শুরু ও শেষ হওয়ার বিষয়টি। শাবানের ২৯তম দিনে রমজানের চাঁদের খোঁজ করা হয়।

সংবাদমাধ্যম খালিজ টাইমস জানিয়েছে, এ বছর মধ্যপ্রাচ্যে পবিত্র মাস রমজান শুরু হতে পারে ১ মার্চ থেকে। তবে পুরো বিষয়টি নির্ভর করবে চাঁদ দেখার ওপর।

# নারী কর্মীদের মালয়েশিয়া যেতে মানা করলো সরকার

কাজের উদ্দেশ্যে ট্যুরিস্ট কিংবা অন্যান্য ভিসায় নারীদের মালয়েশিয়া নিয়ে বিভিন্ন চক্র প্রতারণা করছে বলে জানিয়েছে কুয়ালালামপুরের বাংলাদেশ হাই কমিশন। মালয়েশিয়ার সঙ্গে এ সংক্রান্ত কোনও চুক্তি না থাকায় সাধারণ কর্মী হিসেবে বাংলাদেশি নারীদের মালয়েশিয়ায় না যাওয়ার অনুরোধ জানিয়েছে হাই কমিশন।

শুক্রবার (৩১ জানুয়ারি) এক বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নারী কর্মীদের বাংলাদেশ থেকে মালয়েশিয়ায় নেওয়ার লক্ষ্যে বর্তমানে দেশটির সরকারের সঙ্গে বাংলাদেশ সরকারের কোনও চুক্তি নেই। একটি সংঘবদ্ধ প্রতারক চক্র নারী কর্মীদের বিভিন্নভাবে কর্মসংস্থান নিশ্চিতের প্রতিশ্রুতি দিচ্ছে। নিয়ম বহির্ভূতভাবে ট্যুরিস্ট বা অন্যান্য ভিসায় নারীদের মালয়েশিয়ার নিয়ে প্রতারিত করছে তারা। এ ধরনের কর্মকাণ্ডে বাংলাদেশি নারী কর্মীদের আর্থিক কিংবা মানসিক ক্ষতির সম্ভাবনা রয়েছে। এ ছাড়া মালয়েশিয়ায় বাংলাদেশ সম্পর্কে নেতিবাচক মনোভাব সৃষ্টি হতে পারে।

মালয়েশিয়া ও বাংলাদেশ সরকারের মধ্যে নারী কর্মী সংক্রান্ত চুক্তি বা সমঝোতা স্মারক স্বাক্ষর না হওয়া পর্যন্ত সাধারণ কর্মী হিসেবে মালয়েশিয়া না যাওয়ার অনুরোধ জানানো হয়েছে।

# দালালের ফাঁদে পড়ে লিবিয়ায় নিহত ফরিদপুরের দুই যুবক



**অনলাইন ডেস্কঃ** ফরিদপুরের ভাঙ্গার দুই যুবককে ইতালি নেওয়ার কথা বলে লিবিয়ায় নিয়ে গুলি করে হত্যা করা হয়েছে। নিহত দুই যুবক হলেন-মিন্টু হাওলাদারের ছেলে হৃদয় হাওলাদার (২৬) ও মজিবর হাওলাদারের ছেলে রাসেল হাওলাদার (২৫)।

শুক্রবার (৩১ জানুয়ারি) দালাল চক্র পরিবারের হোয়াটসঅ্যাপে নিহত দুই যুবকের ছবি পাঠায়। ছবি দেখে স্বজনদের আহাজারি থামছে না। স্বজনদের আর্তচিৎকারে প্রতিবেশীরা বাড়িতে ভিড় করছে। সান্ত্বনা দেওয়ার ভাষা খুঁজে পাচ্ছে না কেউ।

নিহত ওই দুই যুবকের বাড়ি ফরিদপুরের ভাঙ্গা উপজেলার ঘারুয়া ইউনিয়নের কুমারখালী গ্রামে।

নিহত হৃদয় হাওলাদারের বাবা মিন্টু হাওলাদার জানান, দুই মাস আগে স্থানীয় আবু, তারা মাতুব্বর, আলমাছ ও আনোয়ারের মাধ্যমে ১৬ লাখ টাকা দিয়ে ছেলেকে বিদেশ পাঠায়। ছেলেকে প্রথমে দুবাই, সেখান থেকে সৌদি আরব, তারপর লিবিয়া নিয়ে যাওয়া হয়। সেখানে তাকে হত্যা করা হয়েছে।

নিহত হৃদয়ের হাওলাদারের বড় ভাই মোখলেছুর রহমান বলেন, 'কয়েকদিন আমার ভাইয়ের কোনো খোঁজ পাচ্ছিলাম না। ওরা আজ আমার ভাইয়ের লাশের ছবি পাঠিয়েছে। ১৬ লাখ টাকা দেওয়ার পরও বিদেশ থেকে ফোন করে আরও টাকা দাবি করছিল পাচারচক্র। সেই টাকা না দেওয়ায় ওরা আমার ভাইকে মেরে ফেলেছে।'

স্থানীয় বাসিন্দা ফয়সাল হোসেন বলেন, হৃদয় ও রাসেল নামের দুজনকে লিবিয়াতে হত্যা করা হয়েছে। ওই মানবপাচার চক্র এভাবে মানুষকে জিম্মি করে টাকা আদায় করে কোটি কোটি টাকার মালিক হয়েছে। টাকা না দিলেই তাদের সঙ্গে খারাপ কিছু ঘটানো হয়। কখনো অত্যাচার কখনো প্রাণে মেরে ফেলে ওরা।

এ বিষয়ে ভাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মোকসেদুর রহমান বলেন, 'ভাঙ্গার দুই যুবককে লিবিয়ায় গুলি করে হত্যা করা হয়েছে বলে জানতে পেরেছি। এ ঘটনায় পরিবারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছি। তারা থানায় অভিযোগ দায়ের করলে দালালচক্রের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।'

HELMAK TRAVELS
বাংলাদেশি ট্রাভেল এজেন্সি
ABU DHABI . DUBAI . SHARJAH . AJMAN . RAK
সকল বিমানের টিকেট
সারা বিশ্বের হোটেল বুকিং
আন্তর্জাতিক ভিসা ও ট্যুর সার্ভিস
সকল ধরণের ইউ.এ.ই ভিজিট ভিসা
ভ্রমণ / জব / মেডিকেল ইন্সুরেন্স করা হয়
052 1569443

পরিবারের স্বাস্থ্য ও আর্থিক সুরক্ষায় আজই একটি বীমা করুন
জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ
Zenith Islami Life Insurance Ltd.
ইসলামী শরী'য়াহ মোতাবেক পরিচালিত
প্রধান কার্যালয়ঃ
আজিজ ভবন, (৯ তলা)
৯৩ মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০, বাংলাদেশ
বিস্তারিত তথ্য জানতে যোগাযোগ করুন
+৮৮ ০১৭ ৫৮৬৮ ৯৫১৫
www.zenithlifebd.com
জোনাল অফিসঃ
নাজমা মেডিকেয়ার ভবন
কলেজ রোড, আলফাডাঙ্গা
ফরিদপুর

## সংযুক্ত আরব আমিরাতে বৃহত্তর ফরিদপুর সমিতির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত




**সোয়ৈদ খোরশেদ আলম, দুবাইঃ** সংযুক্ত আরব আমিরাতে বৃহত্তর ফরিদপুর সমিতির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত। আজমানের একটি বাগান বাড়িতে এই আয়োজন করা হয়। আমিরাতের বিভিন্ন প্রদেশ থেকে বৃহত্তর ফরিদপুরের প্রবাসীরাসহ উৎসবমুখর পরিবেশে আমিরাত প্রবাসীদের বিভিন্ন সামাজিক সংগঠনের নেতা-কর্মী, কবি, সাহিত্যিক, সাংবাদিক, শিল্পী, ব্যবসায়ীরা অংশ নেন।

দিনভর শিশু-কিশোর, নারী-পুরুষের ক্রীড়া প্রতিযোগিতা, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সাংস্কৃতি অনুষ্ঠানসহ ব্যতিক্রমী সব আয়োজনে অংশগ্রহণকারীদের মধ্যে ব্যাপক উচ্ছ্বাস দেখা যায়।

বনভোজনে সাধারণ সম্পাদক খন্দকার মিজানুর রহমানের পরিচালনায় সংগঠনের সভাপতি বুলবুল আহমেদ মুকুল বলেন, আজকের এই আয়োজনে বৃহত্তর ফরিদপুরসহ প্রবাসীদের সরব উপস্থিতিতে আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়েছে। প্রবাসীরা শীতকালে একটু আনন্দ চায়। পাশাপাশি প্রবাসে বেড়ে উঠা নতুন প্রজন্মকে সামজিক সম্প্রতির বন্ধনের সঙ্গে পরিচিত করতে আমাদের এই আয়োজন।

উপস্তিত ছিলেন, উদযাপন কমিটির আহবায়ক এইচ এম শওকত মোল্লা, বাংলাদেশ প্রেসক্লাব ইউএই'র সভাপতি মামুনুর রশীদ, শফিকুল ইসলাম, হাসান জাকির, কবির মুন্সি, আবুল বাশার, মোতাহার হোসেন, মামুনুর রশীদ আজাদ, মিজান সাইদ প্রমুখ।

সবশেষে বিভিন্ন প্রতিযোগিতার ও র‍্যাফল ড্রর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা হয়।

## সমাপ্তি হলো বান্দরবানের উপজেলা ভিত্তিক ভলিবল টুর্ণামেন্ট




**বাসুদেব বিশ্বাস, বান্দরবান:** সমাপ্তি হলো বান্দরবানের উপজেলা ভিত্তিক ভলিবল টুর্ণামেন্ট। সম্প্রীতির মিছিলে বান্দরবান,এই শ্লোগানে উপজেলা ভিত্তিক ভলিবল টুর্ণামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ করা হয় বান্দরবানের রোয়াংছড়িতে। (১ ফেব্রুয়ারি) বিকালে রোয়াংছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে বান্দরবান সম্মিলিত ক্রীড়া পরিষদ এর উদ্যাগে ও বান্দরবান সেনা রিজিয়নের পৃষ্টপোষকতায় আয়োজিত উপজেলা ভিত্তিক ভলিবল টুর্নামেন্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজযী ও রানার্সআপ দলের হাতে পুরষ্কার বিতরণ করেন সেনা জোন এর কমান্ডার লেঃ কর্ণেল এ এস এম মাহমুদুল হাসান। ফাইনাল খেলায় রোয়াংছড়ি উপজেলা নির্বাহী অফিসার মো: সাইফুল ইসলাম, জেলা ক্রীড়া অফিসার মো.রেজাউল করিম,সম্মিলিত ক্রীড়া পরিষদের সভাপতি আজহারুল ইসলাম বাবুল,সহ-সভাপতি মো.রফিকুল আলম মামুন, সাধারণ সম্পাদক থুইসিং প্রু লুবু, ভলিবল টুর্ণামেন্ট কমিটির সদস্য সচিব রাজেশ দাশসহ স্থানীয় হেডম্যান,কারবারী ও জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এই আসরে বান্দরবানের ৭উপজেলার ১১টি টিম অংশ নেয় আর যার মধ্যে রয়েছে ২টি নারী ভলিবল টিম। ফাইনালে প্রতিদ্বন্ধিতা করেন বান্দরবান সদরের লাইমী পাড়া ও আলীকদম ভলিবল টিম। টুর্ণামেন্টে চ্যাম্পিয়ন হয় আলীকদম দূরন্ত চৌমুহনী দল।

অন্যদিকে নারীদের খেলায় বান্দরবান সদর উপজেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বান্দরবান সদর পুলিশ নারী ভলিবল দল। দীর্ঘদিন পরে জমজমাট আয়োজনে এমন প্রানবন্ত খেলায় ক্রীড়াবিদদের পাশাপাশি খুশি আয়োজক ও দর্শকরা।




'বিমান ভাড়া কমাও, প্রবাসীদের বাঁচাও' দাবিতে ঢাকায় জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ সমাবেশ করেছে আমজনতার দল।

শুক্রবার (৩১ জানুয়ারি) দলটির দপ্তর সমন্বয়ক আরিফ বিল্লাহ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আমজনতা দলের কেন্দ্রীয় সদস্য সোহেল আমিনের সঞ্চালনায় এ বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন দলটির সিনিয়র যুগ্ম সদস্য সচিব তারেক রহমান।

## জামায়াতের সেক্রেটারী জেনারেলের সাথে আমিরাত ফেরত ক্ষতিগ্রস্ত প্রবাসী প্রতিনিধি দলের সাক্ষাত



জুলাই আন্দোলনকে কেন্দ্র করে সংযুক্ত আরব আমিরাতে রাষ্ট্রদ্রোহ মামলায় সাজাপ্রাপ্ত ও পরে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এর উদ্যোগে মুক্তি পাওয়া দেশে ফেরত ক্ষতিগ্রস্ত ১৮৯ জন প্রবাসীর মধ্য থেকে ৮ জনের একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এর সাথে।

এ সময় তিনি প্রবাসীদের সাথে ঘটে যাওয়া বিষয়গুলো মনযোগ সহকারে শুনেন এবং ক্ষতিগ্রস্ত প্রবাসীদের পুণঃর্বাসনের জন্য তাদের দলের পক্ষ থেকে সরকারকে সুপারিশ করার ব্যাপারে ঐক্যমত পোষন করেন।

প্রবাসীদের পক্ষ থেকে প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন, মোঃ আমিনুল ইসলাম, খালেদ সাইফুল্যাহ, মীর রাযীব উল হাসান, মোঃ আনোয়ার হোসেন, নাজির হোসেন, শেখ মোঃ সুমন, জাহাঙ্গীর ও মোঃ ইয়াছিন।

## আলফাডাঙ্গায় ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত



**আজিজুর রহমান দুলাল:** আলফাডাঙ্গায় ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

উপজেলার বারাংকুলা জেএসডি দাখিল মাদ্রাসায় বাংলাদেশ যুব উন্নয়ন ব্লাড ডোনার ক্লাব ও নাজমা মেডিকেয়ার, আলফাডাঙ্গার যৌথ আয়োজনে এ কার্যক্রম পরিচালিত হয়।

এতে এলাকার মহিলা পুরুষের সমন্বয়ে ১৩৮ জন তাদের রক্তের গ্রুপ নির্ণয় করেন এবং ৪৬ জনকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়।

বাংলাদেশ যুব উন্নয়ন ব্লাড ডোনার ক্লাব সারা দেশের বিভিন্ন এলাকায় এ ধরনের ক্যাম্পিং করে থাকে। এটা ছিল তাদের ২০২৫ সালের প্রথম প্রোগ্রাম।

এ প্রসংগে নাজমা মেডিকেয়ার এর পরিচালক মো: হারুনুর রশীদ বলেন- 'আমরা গ্রুপটির সাথে সহযোগিতা করতে পেরে আনন্দিত। এতে করে এলাকার লোকজন উপকৃত হয়, তাদের ছেলেমেয়েদের রক্তের গ্রুপ জানা থাকে, স্কুলের প্রয়োজনে ও কারোর সমস্যা এক্ব অপরকে রক্ত আদান প্রদানে সুবিধা হয়। দুরের স্বাস্থ্যসেবা বঞ্চিত অসুস্থ লোকজন ফ্রি এ সেবা পাওয়ায় তারাও খুশী হয়। আমাদের সাথে ৫ জন মেডিকেল টেকনিশিয়ান ও একজন এম.বি.বি.এস ডাক্তার উপস্থিত ছিলেন। আমরা প্লান করেছি এ বছর আরো ৫টি মেডিকেল ক্যাম্প আলফাডাঙ্গার উপজেলার বিভিন্ন স্থানে করবো, যদি কোন কোন সংস্থা আমাদের সাথে যুক্ত হতে চান তাহলে যোগাযোগ করতে পারেন।'

## ইসলাম ধর্ম গ্রহণ করে যা বললেন দেব চৌধুরী



দেশের জনপ্রিয় ক্রীড়া সাংবাদিক ও ক্রিকেট বিশ্লেষক দেব চৌধুরী ইসলাম ধর্ম গ্রহণ করেছেন। শুক্রবার (৩১ জানুয়ারি)রাজধানীর দারুস সালাম শাহী মসজিদে জুমার নামাজের পর শাহাদাহ পাঠের মাধ্যমে তিনি আনুষ্ঠানিকভাবে ইসলাম ধর্ম গ্রহণ করেন। এ সময় সেখানে উপস্থিত ছিলেন মসজিদটির খতিব মাওলানা আব্দুল হাই মুহাম্মদ সাইফুল্লাহ।

ইসলাম গ্রহণের পর মসজিদে উপস্থিত মুসল্লিরা তাকে উষ্ণ অভ্যর্থনা জানান। অনেকেই তাকে আলিঙ্গন করেন।


নিজের অনুভূতি প্রকাশ করতে গিয়ে দেব চৌধুরী বলেন, 'কারও প্ররোচনা, প্রলোভন বা অন্য কোনোভাবে প্রভাবিত হয়ে ইসলাম ধর্ম গ্রহণ করিনি। আমি সম্পূর্ণ স্বেচ্ছায়, সজ্ঞানে এবং জেনে-বুঝেই ইসলাম ধর্ম গ্রহণ করছি। আমি আরবি পড়তে পারি না, তবে আমার ঘরে কুরআনের বাংলা অনুদিত তিনটি কপি রয়েছে।

তিনি আরও বলেন, 'আমি অনেক আগ থেকে ইসলামকে ফলো করতে শুরু করি। ব্যাপক পড়াশোনা করেছি, ইসলাম সম্পর্কে জেনেছি। পড়াশোনা করে জানার পর আমি সিদ্ধান্ত নিয়েছি যে শান্তির ধর্ম ইসলাম গ্রহণ করবো। এখন আমি একজন প্র্যাকটিসিং মুসলিম হতে চাই। সবাই আমার জন্য দোয়া করবেন।'

দেশের অন্যতম জনপ্রিয় এই ক্রীড়া সাংবাদিক বিভিন্ন গণমাধ্যমে দীর্ঘ দিন ধরে কাজ করেছেন। তিনি একাত্তর টিভির খেলাযোগে বিভিন্ন প্রতিবেদনের মাধ্যমে আলোচনায় আসেন। দেব চৌধুরী সবশেষ অলরাউন্ডার নামের একটি ক্রীড়া বিষয়ক অনলাইন পোর্টালের সঙ্গে যুক্ত ছিলেন।

ইসলাম গ্রহণের পর তার নতুন নাম কী হবে এবং এই পরিবর্তন তার পেশাগত জীবনে কী প্রভাব ফেলবে, তা নিয়েও কৌতূহল দেখা দিয়েছে।

## কুড়িগ্রামে অনুসন্ধান বন্ধ না করলে মামলা: ইউপি সদস্য কর্তৃক সাংবাদিককে হুমকি




রফিকুল ইসলাম রফিক, কুড়িগ্রাম প্রতিনিধি: কুড়িগ্রামের উলিপুর উপজেলার ধামশ্রেনী ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের ২৩-২৪ অর্থ বছরের বাস্তবায়িত টি,আর,কাবিখা, কাবিটা প্রকল্প অনুসন্ধানে গেলে ওয়ার্ড মেম্বার নুরুল হক, তার ছোট ছেলে লেলিন কে অনুসন্ধান বন্ধ করতে সাংবাদিককে হুমকি প্রদান করেন।

লেলিন ধামশ্রেনী ইউনিয়ন বিএনপির নেতা হিসেবে সাংবাদিককে হুমকি প্রদান করে এবং বলে আমি মেম্বারের ছেলে হিসাবে না, ধামশ্রেনী ইউনিয়ন বিএনপির একজন নেতা হিসেবে নিষেধ করছি, অনুসন্ধান বন্ধ করেন, না করলে মামলা হামলা সহ অনেক কিছু হতে পারে ।

২৩-২৪ অর্থ বছরে ধামশ্রেনীর ৯ নং ওয়ার্ডে বাস্তবায়িত রশিদের বাড়ি থেকে আয়নালের বাড়ি, কুলসুমের বাড়ি থেকে জহুরুলের বাড়ি, মন্টুর চাতাল থেকে হবির বাড়ি, প্রকল্প গুলো অনুসন্ধান কালে এ-ই ন্যাক্কারজনক ঘটনা ঘটে। এ-ই প্রকল্প গুলো এমনভাবে নামকরণ হয়েছে, যাতে কেউ সহজে প্রকল্প এলাকা সনাক্ত করতে না পারে। তারমধ্যে উল্লেখযোগ্য বিজয়রাম তবকপুর রশিদের বাড়ি থেকে পশ্চিমে আয়নালের বাড়ি, কুলসুমের বাড়ি থেকে জহুরুলের বাড়ি, শামীম এর বাড়ি থেকে নুরুল পুলিশের বাড়ি। অনেক খোজাখুজির পরে এ প্রকল্প এলাকা গুলো সনাক্ত করা হয়। পর্যবেক্ষণ করে এবং স্থানীয় সূত্রের সাথে কথা বলে জানা যায়, রশিদের বাড়ি থেকে আয়নালের বাড়ি, কুলসুমের বাড়ি থেকে জহুরুলের বাড়ি, মন্টুর চাতাল থেকে হবির বাড়ি এ প্রকল্পগুলোর বাস্তবায়ন কমিটির সভাপতি ঐ ওয়ার্ডের মেম্বার নুরুল হক। এ প্রকল্প গুলো অনুসন্ধানে জানা যায় মাটি কাটা প্রকল্পের আওতায় এ প্রকল্প গুলোর মাটি কাটা হয়েছে, যা পিআইও কার্যালয় সংশ্লিষ্ট সূত্র নিশ্চত করেছে, তবে টি,আর কাবিখা,কাবিটার বরাদ্দ কি হয়েছে? ঐ ওয়ার্ড মেম্বার নুরুল হকের কাছে এ বিষয়ে জানতে চাইলে, তিনি অনুসন্ধানী সাংবাদিকের উপর ক্ষিপ্ত হন এবং কৌশলে তার ছোট ছেলে লেলিন কে দিয়ে অনুসন্ধান বন্ধ করতে সাংবাদিককে হুমকি দেন। নুরুল মেম্বার কর্তৃক হুমকির অনুসন্ধান করতে গেলে বিভিন্ন স্থানীয় সূত্র জানায় কাউকে হুমকি দেয়া, ক্ষমতার দাপটে কাউকে টর্চার করা এটা তার জন্য নতুন কিছু নয়। আপনারা এ-র অনেক প্রমান পাবেন, খোঁজ নিলে। কোন সরকারি কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় অভিযোগ করা, মানুষকে মিথ্যা মামলায় হয়রানি করা, সাধারণ মানুষকে রাজনৈতিক ক্যাডার দ্বারা প্রহার, এগুলো তার স্বভাবজাত প্রবৃত্তি। উনি চাকুরী কালীন সময়েও তার উর্ধোতন কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় অভিযোগ করতেন, চাকুরী কালীন সময়ে দীর্ঘদিন বরখাস্তও ছিলেন।

এবার মেম্বার কর্তৃক বর্বরতার শিকার হওয়া খেয়াঘাটের নওশেদ এ-র সাথে কথা হয় সাংবাদিকদের। নওশেদ সাংবাদিকদের বলেন, মেম্বার আমার সম্পর্কে মামা হয়। তার সাথে আমার কোন শত্রুতা নাই। প্রায় ৩নি বছর আগের কথা। সেদিন ১০ টাকা কেজি চাল নিয়ে খেয়াঘাটের লোকজন মেম্বারকে ঘিরে কথা বলছিল, ঐ সময় আমি শুধু বলেছি, মামুক জব্দ করেন কেন? মামু হামার কাচের পুতুল, মনে গললে দিবে এলা। এটাই আমার দোষ। এজন্য মেম্বারের বড়ছেলে লালন তার সংগীয় ক্যাডারগ্রুপ নিয়ে চিলমারীর জোর গাছ হাটে আমার উপর হামলা চালায়, ঐ হামলায় আমার ডান পায়ের হাটুর নিচে হাড় ভেঙ্গে যায়। আমার পায়ে এখনো রড লাগানো। কাজ করতে পারি না। ঐসময় চিলমারীর উপজেলা চেয়ারম্যান শওকত আমার পক্ষ থেকে মামলা করেছিলেন। কিন্তু কেউ সাক্ষী দিতে চায়না, মামলার খরচ, তার উপর আবার আমি একা, ইত্যাদি নানান কারনে মামলা প্রতাহার করে নিছি। তবে মেম্বার আমাকে বিনা খরচে প্রতিবন্ধী কার্ড করে দিয়েছে। তার বর্বরতায় সমাজের একজন সুস্থ মানুষ প্রতিবন্ধী হয়েছে, এ-র চেয়ে স্পর্শকাতর ঘটনা আর কি হতে পারে? তার বিচার হয় না!!

এলাকার স্থানীয় সূত্র আরো জানায়, যখন আওয়ামী সরকার ছিল, তখন বড় ছেলে লালনকে দিয়ে, আর এখন আওয়ামী নেই, তাই ছোট ছেলে লেলিনকে দিয়ে প্রভাব বিস্তারের চেষ্টা করছে। এটা তার জন্য নতুন কিছু নয়। বিষয়টি ধামশ্রেনী ইউনিয়ন বিএনপি ও উপজেলা বিএনপির নেত্রী স্থানীয়দের অবগত করা হলে, তারা বলেন এধরনের কোন কর্মকাণ্ড আমরা মেনে নিব না। ধামশ্রেনীর বিএনপির সূত্র জানায় ১১ই ফেব্রুয়ারী ২০২৩ বিএনপির জাতীয় প্রোগ্রামে ধামশ্রেনী কার্যালয়ে ধ্বংস তান্ডব চালিয়েছিলো, নুরুল মেম্বার এ-র ছেলে লেলিন এ-র বড় ভাই লালন। আমরা লেলিনের বিষয়ে ব্যাবস্থা নিব। আপনারা সাংবাদিক সত্য লিখে যান, সত্য প্রকাশে বিএনপির কেউ বাধা দেবে না। নুরুল মেম্বার এ-র নির্বাচনী এলাকা ঘুরে দেখা যায়, তার কাছে সাধারণ মানুষ বিশেষ কোন প্রয়োজনে গেলে মুখের উপর বলে তুই আসচিস কে? তুই তো মোক ভোট দিস নাই। যাক ভোট দিচিস তার কাছে যা। পুরো ইউনিয়নের মধ্যে নুরুল মেম্বার একমাত্র সৎ। এ-ই জন্য টিসিবি কার্ড জমা নেয়ার পরে কিছু কার্ড হারায় ফেলছে, তথ্যসূত্র বলছে, হারিয়ে যাওয়া কর্ডগুলো নাম কেটে পরিবর্তন করে অন্য জনকে দেয়া হয়েছে, নেয়া হয়েছে কার্ড প্রতি ১০০০ টাকা। সৎ মানুষ তো, তাই সবাই ওয়ার্ডের টিসিবির পন্য দেয়া হয়েছে ইউনিয়ন পরিষদ, কিন্তু ৯ নং ওয়ার্ডে দেয়া হয়, নুরুল মেম্বার এ-র বাড়িতে, পন্য প্রদানের ৩/৪ দিন আগে টাকা জমা দিয়ে পন্য সংগ্রহ করতে হয়। নাহলে আর পাওয়া যাবে না, কারণ সৎ মানুষ তো!!

এবার নিয়ে নুরুল মেম্বার টানা দূবার পর পর মেম্বার হন। দ্বিতীয় নির্বাচন ২০২১ এ-র ২৬ শে ডিসেম্বর। ঐ স্থানীয় সরকার নির্বাচনে ধামশ্রেনী ৯ নং ভোট কেন্দ্রে কিছু অসংগতি পরিলক্ষিত হয়, সেদিন বেলা ১১ টা থেকে দুপুর ১ টাকা পর্যন্ত ব্যালট নেই অজুহাতে ভোট গ্রহণ বন্ধ থাকে, পরবর্তীতে নির্বাহী ম্যাজিস্ট্রেট এলে ১টার পর আবার ভোট গ্রহণ শুরু হয়। এরই মাঝে তথ্য আসে নুরুল মেম্বার এ-র বাড়িতে রাতেই প্রিজাইডিং কর্মকর্তার আতাত হয়েছে। দুই ঘন্টা ভোট বন্ধ করে জাল ভোট দিতে সাহায্য করেছে কর্মকর্তা। এ-ই সংবাদ প্রকাশের পর স্থানীয় এলাকাবাসী ভোটকেন্দ্র ঘিরে রাখে, প্রিজাইডিং কর্মকর্তার গাড়ি জব্দ করে রাখে। পরে প্রশাসনের হস্তক্ষেপে তাদেরকে নিরাপদে নিয়ে যাওয়া হয়। ভোট গ্রহনের পরের দিন ভোট কেন্দ্রের টয়লেট হতে সীল মারা ব্যালট, ব্যালট বই পাওয়া যায়। এটা উপজেলা চত্বরে মানববন্ধন করে অন্যান্য প্রার্থীরা, পুনঃ নির্বাচনের জন্য আবেদন করা হয়। তবে দায়িত্বে থাকা ঐ প্রিজাইডিং কর্মকর্তা এসব অভিযোগ অস্বীকার করেন এবং টয়লেটে পাওয়া ব্যালটকে নমুনা ব্যালট হিসাবে আখ্যা দেন। উপজেলার নির্বাচন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, ২৬ ডিসেম্বর ২০২১ এ-র পর থেকে ঐ কর্মকর্তাকে কোন নির্বাচন সংশ্লিষ্ট দায়িত্ব দেওয়া হয় না।

## মৌলভীবাজারে অবৈধ রিসোর্ট বন্ধ ও জরিমানা



মৌলভীবাজার প্রতিনিধি: অবৈধভাবে টিলা কেটে রিসোর্ট তৈরী করার অপরাধে মৌলভীবাজার সদর উপজেলার গোমড়া এলাকার বন ও পাহাড়ী রিসোর্টকে তিন লাখ টাকা জরিমানা ও সরকারী অনুমোদন বিহীন রিসোর্ট এর কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন মৌলভীবাজার সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) সানজিদা আক্তার।

মঙ্গলবার (২৮শে জানুয়ারি) বিকেলে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। মোবাইল কোর্টে সহযোগিতা করেন, মৌলভীবাজার পরিবেশ অধিদপ্তর এর পরিদর্শক মোঃ রিয়াজুল ইসলাম। এবং আইনশৃঙ্খলা রক্ষার্থে ছিলেন-মৌলভীবাজার সদর মডেল থানা পুলিশের একটি দল।

হাসান আহমেদ জাবেদ, ফয়সল আহমেদ, সৈয়দ আবুল কালাম আজাদ পারভেজ, শাজাহন উদ্দিন ভুইয়া, জহির মিয়া ও ডাঃ সোহেল রানা এর মালিকানাধীন বন ও পাহাড় রিসোর্ট নামক প্রতিষ্ঠানটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ প্রদান করেন।

## কমলগঞ্জে তারুণ্যের উৎসব উদযাপন




তিমির বনিক, মৌলভীবাজার প্রতিনিধি: 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই'এ প্রতিপাদ্য'কে সামনে রেখে মৌলভীবাজারের কমলগঞ্জে তারুণ্যের উৎসব উদযাপন করা হয়েছে।

শনিবার (২৫শে জানুয়ারি) জেলা প্রশাসন মৌলভীবাজার ও মণিপুরী ললিতকলা একাডেমির আয়োজনে দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে তারুণ্যের উৎসব উদযাপন করা হয়। মণিপুরী ললিতকলা একাডেমি অডিটোরিয়ামে একাডেমি'র উপ-পরিচালক (অতিঃদাঃ) প্রভাস চন্দ্র সিংহ এর সভাপতিত্বে বিকাল ৪টায় যুব সমাবেশ ও তরুণ উদ্যোক্তা সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৌলভীবাজার জেলা প্রশাসক মো.ইসরাইল হোসেন। মণিপুরী ললিতকলা একাডেমির সংগীত প্রশিক্ষক সুতপা সিনহা এর উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কমলগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মাখন চন্দ্র সূত্রধর, কমলগঞ্জ থানার ওসি সৈয়দ ইফতেখার হোসেন, বৃহত্তর সিলেট আদিবাসী ফোরামের সভাপতি পিডিশন প্রধান, মণিপুরী সমাজকল্যাণ সমিতির সভাপতি প্রতাপ চন্দ্র সিংহ। এ সময় কৃষিক্ষেত্রে অবদান রাখা যুবক মোহন রবিদাস ও আব্দুল মান্নান ও চয়ন সিংহ তাঁত শিল্পে অবদান রাখায় এ তিন তরুণ উদ্যোক্তাকে সম্মাননা প্রদান করা হয়। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, চাকরির পিছনে না ছুটে আমাদেরকে দক্ষতা অর্জন করে আমাদের দেশকে আমরা সোনার দেশ হিসেবে গড়ে তুলবো। তিনি বলেন আমাদের বদলাতে হবে, প্রথমে আমরা নিজেদের চরিত্র বদলাতে হবে এবং মাদকমুক্ত সমাজ প্রতিষ্ঠায় তরুণদের এগিয়ে আসতে হবে। আমরা যেন আজকের এ স্লোগানকে শুধু মুখে না বলে আমাদের কার্যকরি ভূমিকা পালন করতে হবে।

এর আগে সকাল ১১টায় বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে জুলাই বিপ্লবের উপর চিত্রাঙ্কন প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।

পরে বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠির পরিবেশনায় অনুষ্ঠিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। তারুণ্যের উৎসব বিভিন্ন জাতীগোষ্ঠি, সুশীল সমাজ, সাংবাদিক, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন।

## জলাবদ্ধতা নিরসনকল্পে চট্টগ্রাম মহানগর জামায়াতে ইসলামীর বর্ণাঢ্য র‍্যালী




এনামুল হক রাশেদী, চট্টগ্রামঃ চট্টগ্রাম মহানগরীকে বাসযোগ্য ও নিরাপদ আবাসন হিসেবে গড়ে তোলার জন্য সর্বস্তরের নাগরিকদের ঐক্যবদ্ধ হতে হবে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য, সংসদীয় দলের সাবেক হুইপ চট্টগ্রাম মহানগরী আমীর ও সাবেক এমপি আলহাজ্ব শাহজাহান চৌধুরী।

তিনি বলেন, আমাদের এই চট্টগ্রাম একটি ঐতিহ্যবাহী শহর। এই চট্টগ্রাম নগরী হচ্ছে বাণিজ্যিক রাজধানী। আজকে পাহাড় কাটার কারণে পাহাড় ধসে ৫৬ জনেরও বেশি মানুষকে প্রাণ দিতে হয়েছে। তারাতো গরীব মানুষ, বস্তির মানুষ, তাদের কেনো প্রাণ দিতে হয়েছে। সিটি কর্পোরেশন আপনারা তাদের কোনো ক্ষতিপূরণ দেননি। আজকের এই র‍্যালি সর্বস্তরের চট্টলার জনগণ পেশাজীবী, শ্রমিক মেহনতি মানুষ, সাংবাদিক, আলেম উলামা, ইমামসহ সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। নগরীর জলাবদ্ধতার লক্ষ্যে সরকার যে কোন সময় যে কোনো কাজের জন্য মহানগরী জামায়াত অন্তর্বর্তী সরকার যখনই ডাক দেবেন আমরা আপনাদের পাশে থাকব।

তিনি আরও বলেন অন্তর্বর্তী সরকারকে আমরা সহযোগিতা করব। নগরীর জলবদ্ধতা নিরসনে প্রধান উপদেষ্টার যে কোন কাজে মহানগরী জামায়াতে ভূমিকা রাখবে বলে জানান। চট্টগ্রাম নগরবাসী আর জলাবদ্ধতা দেখতে চায়না। নগরীর ৫১টি খাল আজ অবৈধভাবে দখল হয়ে গিয়েছে। বিশেষভাবে কর্ণফুলীতে অবৈধ দখলদারদের আগামী ১৫ দিনের মধ্যে সকল প্রকার লিজ বাতিল করে কর্ণফুলীর অবৈধ স্থাপনা সব ভেঙে দিতে হবে।

১ ফেব্রুয়ারী শনিবার সকালে বাংলাদেশ জামায়াতে ইসলামী চট্টগ্রাম মহানগরীর উদ্যোগে জলাবদ্ধতা নিরসনকল্পে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে চট্টগ্রাম প্রেস ক্লাব চত্বরে বর্ণাঢ্য র‍্যালি পূর্বক সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন।

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও চট্টগ্রাম মহানগরী সেক্রেটারি অধ্যক্ষ মুহাম্মদ নুরুল আমিনের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও চট্টগ্রাম মহানগরী নায়েবে আমীর পরিবেশবিদ মুহাম্মদ নজরুল ইসলাম, কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য মহানগরী এসিস্ট্যান্ট সেক্রেটারি অধ্যক্ষ মাওলানা খাইরুল বাশার, নগর এসিস্ট্যান্ট সেক্রেটারি মুহাম্মদ উল্লাহ ও ফয়সাল মুহাম্মদ ইউনুস, নগর সাংগঠনিক সম্পাদক ও সাবেক ওয়ার্ড কাউন্সিলর অধ্যক্ষ শামসুজ্জামান হেলালী, ডা. একেএম ফজলুল হক ও শ্রমিক কল্যাণ ফেডারেশন চট্টগ্রাম মহানগরী সভাপতি এস এম লুৎফর রহমান প্রমুখ।

নগর নায়েবে আমীর পরিবেশবিদ মুহাম্মদ নজরুল ইসলাম বলেন আজকে এই সমাবেশে আমি প্রথমে স্মরণ করছি ২০২১ সালে জলাবদ্ধতায় যারা পানিতে পড়ে মৃত্যুবরণ করেছেন, তাদের আত্মার মাগফেরাত কামনা করছি। অটোরিক্সা চালক সুলতান ও যাত্রী খাদিজা বেগম, মুরাদপুরে খালে পড়ে মারা যান সালেহ আহমদ এরপর আগ্রাবাদ এলাকায় নালায় পড়ে মারা যাওয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মেহেরীন মাহবুব সাদিয়াসহ যারা নালায় পড়ে মৃত্যুবরণ করেছেন।

তিনি বলেন. এই যে কোটি কোটি টাকা খরচ করার পরেও জলাবদ্ধতার কোনো সমাধান হলো না। কোনো ঘটনা ঘটলেই সিডিএ সিটি কর্পোরেশনকে দোষ দেন এবং সিটি কর্পোরেশন সিডিএ কে দোষ দেন। আমার পরস্পরের দোষারোপের সংস্কৃতি আর দেখতে চাই না। এখন একটি সমঝোতার সমাজ শুরু হয়েছে, সমন্বয়কের সমাজ শুরু হয়েছে, ঐক্যবদ্ধতার সমাজ শুরু হয়েছে । এইভাবে জাতীয় ঐক্যবদ্ধ থেকে জাতি গঠন করবে চট্টগ্রাম মহানগরী জামায়াতে ইসলামী ইনশাল্লাহ। অতীতের মেয়রেরা কোটি কোটি টাকা কি করেছেন তদন্ত করে তার শ্বেতপত্র প্রকাশ করার দাবি জানান, এবং জলাবদ্ধতার নামে এই প্রজেক্টকে নবায়নে প্রজেক্টে পরিণত করেছে। বিগত আওয়ামী ফ্যাসিস্টরা বিদেশে সম্পদ পাচার করেছে এবং তারা নিজেরাই সম্পদের অধিকার হয়েছে কিন্তু চট্টগ্রাম মানুষের কোন সমস্যার সমাধান হয়নি।

উক্ত বর্ণাঢ্য র‍্যালি প্রেস ক্লাবে থেকে শুরু করে জামাল খান চেরাগী পাহাড় মোড়, আন্দরকিল্লা লালদিঘি, কোতোয়ালি মোড় হয়ে নিউমার্কেট মোড়ে গিয়ে শেষ হয়।

এতে আরো উপস্থিত ছিলেন, নগর কর্মপরিষদ সদস্য ডা. সিদ্দিকুর রহমান, আবু হেনা মোস্তফা কামাল, আমির হোছাইন, হামেদ হাসান এলাহী, ফখরুকে জাহান সিরাজী সবুজ, সদরঘাট থানা আমীর এম এ গফুর, পাঁচলাইশ থানা আমীর মাহবুবুল হাসান রুমী প্রমুখ।

bangla express
বাংলা এক্সপ্রেস
দেশে ও প্রবাসে বাংলার মুখপত্র

# ১৯ বছর ধরে স্ত্রীর কবরকে সঙ্গ দিচ্ছেন স্বামী এটিএম মোস্তফা



**রফিকুল ইসলাম রফিক, কুড়িগ্রাম প্রতিনিধি:** ছোটবেলা থেকেই আমরা অনেক গল্প উপন্যাস অনেক সিনেমাও দেখেছি, লাইলি মজনু শ্রী ফরহাদ, অনেকেরই গল্প ভাই ইতিহাস পড়েছি, কিন্তু বাস্তবে একজন প্রেমিক-প্রেমিকাকে দেখলাম ।

এ যুগে শোকের মেয়াদ নাকি কম-বেশি তিন মাস। আর প্রেম এক পরাবাস্তব মরীচিকা। জীবনমুখী গানের জনপ্রিয় শিল্পী নচিকেতা চক্রবর্তীর গানে তো আরেক একধাপ এগিয়ে বলা হয়েছে, 'ভালোবাসা আসলে তো একটা চুক্তি যেন অনুভূতি-টনুভূতি মিথ্যে'। কিন্তু আসলেই কি তাই?

এই প্রশ্নের উত্তর মিলবে কুড়িগ্রামের রাজারহাটে।

রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয়ের ইংরেজি বিষয়ের সাবেক শিক্ষক এটিএম মোস্তফার দিকে তাকালে জানা যায় 'ভালোবাসা কারে কয়'। প্রায় ১৯ বছর ধরে প্রিয়তমার কবরকে সঙ্গ দিচ্ছেন এই প্রেমিক। উপজেলা সদরের চাঁন্দামারী গ্রামে কবরের পাশে বসে প্রার্থনা আর দোয়ায় তিনি স্মরণ করছেন প্রিয় স্ত্রীকে।

এটিএম মোস্তফার স্ত্রী রেখা বেগম ২০০৬ সালের ১৪ নভেম্বর মাত্র ৪৩ বছর বয়সে মারা যান। স্ত্রীকে বাড়ির প্রবেশপথের পাশেই দাফন করা হয়। সেই থেকে স্ত্রীর কবরকে দৃষ্টিসীমার বাইরে ফেলে কোথাও যেতে চান না তিনি।

পারিবারিক সূত্রে জানা গেছে, শিক্ষক এটিএম মোস্তফা এবং তার স্ত্রী রেখা বেগমের দাম্পত্য জীবন ছিল অত্যন্ত সুমধুর। বিয়ের পর তারা একে অপরকে ছেড়ে কখনো রাত কাটাননি। মোস্তফা-রেখা দম্পতির দুই সন্তান। ছেলে রাজীব ফেরদৌস শুভ্র ও মেয়ে রুবাইয়া সুলতানা।

শুভ্র বলেন, মা মারা গেছেন ১৯ বছর। বাবা তাকে এখনো ভুলতে পারেননি। মায়ের কবরকে সঙ্গ দিচ্ছেন প্রতিনিয়ত। কবরকে চোখের আড়াল করে দূরে কোথাও যেতে চান না। জরুরি প্রয়োজনে বাধ্য হয়ে কখনো বাড়ির বাইরে গেলে দ্রুত তিনি ফিরে আসেন। ঘুরেফিরে মায়ের কবরের কাছে বসেন। রাত জেগে নামাজ পড়ে, কোরআন তেলাওয়াত করে দোয়া করেন।

এটিএম মোস্তফা নামের প্রেমিক হৃদয়ের মানুষটি বলেন, কত দিন হলো মানুষটা (স্ত্রী) চলে গেছে। তবে ভালোবাসা চলে যায় না। তার মৃত্যুর পর জীবনটা বড় ফাঁকা ফাঁকা লাগে। তাকে কিছুতেই ভুলতে পারি না। তার মৃত্যুর পর আমি এ পর্যন্ত ৯৫ বার কোরআন খতম করেছি। সব সময় আল্লাহর কাছে তার জন্য জান্নাত কামনা করি।

এটিএম মোস্তফা আরো বলেন, আমার বাকি জিন্দেগি, এভাবেই স্ত্রীর কবরের পাশে বাকি সময়টা কাটিয়ে দিতে চাই ।

উপজেলার নওদাবস উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মোবাশ্বের আলম লিটন বলেন, মোস্তফা স্যার সম্রাট শাহজাহানের মতো স্ত্রীর জন্য তাজমহল নির্মাণ করেননি। তবে স্ত্রীর প্রতি গভীর ভালোবাসার দৃষ্টান্ত স্থাপন করেছেন।

# লেস্টার ছেড়ে শেফিল্ডে বাংলাদেশের হামজা




ইংলিশ প্রিমিয়ার লিগের ক্লাব লেস্টার সিটির সঙ্গে এখনও বাংলাদেশি বংশোদ্ভুত ইংল্যান্ড প্রবাসী মিডফিল্ডার হামজা চৌধুরির চুক্তির মেয়াদ আড়াই বছর বাকি। মেয়াদ থাকলেও দলটির হয়ে সেভাবে খেলার সুযোগ পাচ্ছিলেন না ২৭ বছর বয়সী এই তারকা। তাই ধারে ইপিএলের আরেক ক্লাব শেফিল্ড ইউনাইটেডের হয়ে খেলার সিদ্ধান্ত নিয়েছেন হামজা।

ছুরি-কাঁচি তৈরির শহর নামে পরিচিত শেফিল্ড। তাই শহরটির ক্লাব শেফিল্ড ইউনাইটেড 'দ্য ব্লেডস' নামে পরিচিত। হামজাকেও তাই সামাজিক মাধ্যমে দলটি পরিচয় করিয়ে দিয়েছে 'বাংলাদেশি ব্লেড' নামে। মঙ্গলবার (২৮ জানুয়ারি) এক পোস্টের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করে শেফিল্ড ইউনাইটেড।

শেফিল্ডের আগে বার্টন আলবিয়ন ও ওয়াটফোর্ডেও ধারে খেলেছেন হামজা। তবে শেফিল্ডে স্থায়ী হওয়ার শর্তও রয়েছে বাংলাদেশি এই ডিফেন্ডারের। ২০১৫ সালে চুক্তিবদ্ধ হওয়ার পর লেস্টার জার্সিতে সব ধরনের প্রতিযোগিতা মিলে ৯১টি ম্যাচ খেলার সুযোগ পেয়েছেন হামজা। মূলত ম্যাচ খেলার সুযোগ পেতেই তার এমন দলবদল। চুক্তি অনুযায়ী চলতি মৌসুমের শেষ পর্যন্ত শেফিল্ডে খেলবেন হামজা। সেই চুক্তি পরবর্তীতে স্থায়ী করার সুযোগও থাকবে।

শেফিল্ডে যোগ দিতে পেরে উচ্ছ্বসিত হামজা বলেন, 'শেফিল্ড ইউনাইটেডে যোগ দিতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। কয়েক সপ্তাহ ধরে আলোচনা চলছিল এবং এখন আমি অবদান রাখতে প্রস্তুত। আমি দলের লিগ অবস্থান সম্পর্কে জানি এবং তাদের আরও বড় সাফল্য অর্জনে সহায়তা করতে চাই।'

# হেঁচকির কিসসা

### মোহাম্মদ ইয়াছিন সেলিম

আমার পাশে যিনি বসে আছেন তিনি অপূর্ব সুন্দরী। যিনি এই মহিলাকে বানিয়েছেন তিনি বানানোর সময় নির্ঘাত দারুণ মুডে ছিলেন, তাই একদম নিখুঁত করে বানিয়েছেন। লোকাল ট্রেনে সচরাচর এত সুন্দরী মেয়ে দেখতে পাওয়া যায় না।

আমার লাস্ট তিনদিন ধরে নাগাড়ে হেঁচকি উঠছে। এ আমার এক অদ্ভুত রোগ। উঠতে শুরু করলে চট করে থামে না।

সুন্দরী মেয়েরা খুব রাগী হয়। ইনিও তার ব্যতিক্রম নয়। আমার প্রতি তিরিশ সেকেন্ডে একবার করে হেঁচকি উঠছে। আমি হেঁচকি তুলছি সারা শরীর নড়ে উঠছে ফলে উনিও সামান্য করে ধাক্কা খাচ্ছেন। এবং তারপর এমনভাবে তাকাচ্ছেন আমার দিকে যেভাবে মানুষ একজন ধর্ষককে দেখে।



সুন্দরী আর থাকতে না পেরে বললেন, "আপনি পানি খাচ্ছেন না কেন? অসভ্যের মতো হেঁচকি তুলে যাচ্ছেন?"
আমি অবাক হলাম। সভ্য মানুষ হেঁচকি তোলে না?
বললাম, "এটা আমার রোগ। যখন শুরু হয় অনেকদিন চলে। ডাক্তারও দেখিয়েছে। কিছু লাভ হয়নি।"
প্রচন্ড রকমের ভুরু কুঁচকে সুন্দরী বললেন, "তাহলে বন্ধ হয় কী ভাবে?"

"একটা ভয়ংকর কিছু ঘটনা ঘটলে থেমে যায়।"
সুন্দরী বলল, "আপনি ফাজলামি মারার জায়গা পাননি? আমাকে টিউবলাইট ভেবেছেন?"
আমি মনে মনে বললাম আপনি টিউবলাইট নয় আপনি এলইডি লাইট, হ্যালোজেন লাইট।

মুখে বললাম, "আমি মিথ্যে বলিনি। বিশ্বাস করা না করা আপনার হাতে। লাস্টবার পনেরো দিন হেঁচকি তোলার পর চোখের সামনে একটা অ্যাক্সিডেন্ট দেখে ঠিক হয়েছিল।"
-- "অ্যাক্সিডেন্টে কেউ মারা গেছিল?"
-- "হ্যাঁ। একটা কুকুর রাস্তার মাঝখানে চলে গিয়েছিল, একটা বাস চাপা দিয়ে চলে গেল। ধড়ফড় করতে করতে তার শরীরটা স্থির হয়ে গেল। আর আমার হেঁচকি ওঠাও বন্ধ হয়ে গেল।"

লোকাল ট্রেনে বিস্তর ভিড়। তিনজনের সীটে চারজন করে বসার নিয়ম। ফলে আমার খুব অস্বস্তি হচ্ছে। একবার ভাবলাম উঠে যাই কিন্তু এত ভিড় দাঁড়ানোরও জায়গা নেই।

সুন্দরী হঠাৎ চেঁচিয়ে উঠলেন, "আপনারা দেখুন এই ছেলেটা তখন থেকে আমার সঙ্গে যাতা করছে। গায়ে বারবার হাত দেওয়ার চেষ্টা করছে।"

ট্রেনে দাঁড়িয়ে থাকা মানুষদের, বসে থাকাদের ওপর এমনিতেই মারাত্মক রাগ থাকে। তার ওপর এইরকম একজন অপরূপ সুন্দরীর শ্লীলতাহানি? সবাই আমার ওপর ঝাঁপিয়ে পড়ল। "শালা লোচ্চা, লাফাঙ্গা, মেরে হাত ভেঙ্গে লুলো করে দেব।" ইত্যাদি নানান খিস্তিতে ট্রেনের কামরা মুখরিত হয়ে উঠল।

আমি বিশাল হকচকিয়ে গেলাম। ভয়ে আমার সারা শরীর থরথর করে কাঁপতে লাগল। আমার বাথরুম পেয়ে গেল। বলার চেষ্টা করলাম যে আমি কিছু করিনি। যা একটু আধটু ধাক্কা লেগেছে তা হেঁচকির জন্য। কিন্তু কে শোনে সে সব কথা। দু- চারটা থাপ্পড় পড়ে গেল তার সঙ্গে অশ্রাব্য গাল তো আছেই।
হায়রে, আজই আমার মনে হচ্ছে শেষদিন! কাল সমস্ত কাগজে খবর বেরবে "লোকাল ট্রেনে শ্লীলতাহানি করতে গিয়ে গণধোলাইয়ে যুবকের মৃত্যু।"

হঠাৎ সবাইকে চমকে দিয়ে সুন্দরী চেঁচিয়ে উঠলেন, "থামুন থামুন। মারবেন না। সরে যান সবাই।"
মারমুখী জনতা অবাক হয়ে সরে গেল। কেউ কেউ বলল, "এইভাবেই ক্রিমিনালরা প্রশ্রয় পায়।" "ছেড়ে দেওয়া কোন মতেই উচিত হবে না।"
আমার মুখ দিয়ে কোনও কথা বেরচ্ছে না। সুন্দরী বললেন, "নাহ্ হেঁচকি থেমে গেছে।"

আমিও সবিস্ময়ে লক্ষ করলাম, হেঁচকি আর উঠছে না।

সুন্দরী বললেন, "ওই হেঁচকির একঘেঁয়ে আওয়াজটা আমি জাস্ট নিতে পারছিলাম না, মাথা ধরে যাচ্ছিল। আপনি বললেন ভয়ংকর কিছু ঘটলে বন্ধ হয় তাই বাধ্য হয়ে এটা করতে হলো। বেশি লাগেনি তো আপনার?"
সুন্দরীর কথা মারমুখী যাত্রীরাও শুনল। তারা হাসতে শুরু করল।

আমার রাগা উচিত,না আনন্দ করা, বুঝতে না পেরে থাপ্পড় খেয়ে টনটন করা গালে হাত বুলাতে লাগলাম...

**লেখক: ভাইস প্রিন্সিপাল, ইডেন নূর ইংলিশ স্কুল, সাবেক সিনিয়র শিক্ষক, বাংলাদেশ স্কুল, আর এ কে, ইউ এ ই।**

# 'ডন থ্রি' সিনেমায় ভিলেন হচ্ছেন বিক্রান্ত ম্যাসি



এক যুগের বেশি সময় ধরে চলা গুঞ্জন থেমে গেছে। অফিসিয়াল ঘোষণায় বলিউডে চলে এসেছে নতুন 'ডন', রণবীর সিং। আর প্রিয়াঙ্কা চোপড়ার স্থলাভিষিক্ত হয়েছেন বলিউড অভিনেত্রী কিয়ারা আদভানি।

নতুন খবর হচ্ছে, 'ডন থ্রি' সিনেমায় খলনায়কের চরিত্রে অভিনয় করতে যাচ্ছেন বিক্রান্ত ম্যাসি। ফিল্মফেয়ার সিনেমাটির সঙ্গে ঘনিষ্ঠ সূত্রে বরাত দিয়ে এক প্রতিবেদনে এমন দাবি করেছে।



বলিউড হাঙ্গামা এক প্রতিবেদনে জানিয়েছে, ভারতীয় সিনেমার দর্শকদের বাইরে বিশ্বব্যাপী দর্শকদের কথা মাথায় রেখে ২৭৫ কোটি রুপির বাজেটে নির্মাণ করা হবে সিনেমাটি। সিনেমাটির অ্যাকশন দৃশ্য পরিচালনা করবেন হলিউডের নামি নির্মাতারা। এ ছাড়া ভিএফএক্স থেকে ব্যাকগ্রাউন্ড স্কোরের জন্যও বড় বাজেট খরচ করবেন নির্মাতারা।

যেখানে শাহরুখকে নিয়ে ২০১১ সালে নির্মাত হওয়া 'ডন ২' সিনেমার বাজেট ছিল ১০০ কোটির কম।

ফারহান আখতার ও প্রযোজক রিতেশ সিধওয়ানি 'ডন'ফ্র্যাঞ্চাইজি কিনে নেওয়ার পর ২০০৬ সালে শাহরুখ খানকে নিয়ে প্রথমবার 'ডন' সিনেমাটি নির্মাণ করেন ফারহান। ফারহানের নির্মিত সিনেমাটির জনপ্রিয়তায় ২০১১ সালে দ্বিতীয় পর্ব বানিয়ে ফেলেন তিনি। সিনেমা দুটি বড় বাজেটে নির্মাণ না হলেও বক্স অফিসে দারুণ সাফল্য পায়।


# যুবদল নেতা তৌহিদুলের মৃত্যু, জরুরি তদন্তের নির্দেশ সরকারের



আটক হওয়ার পর যুবদল নেতা তৌহিদুল ইসলামের মৃত্যুর ঘটনায় জরুরি তদন্তের নির্দেশ দিয়েছে অন্তর্বর্তী সরকার। শনিবার (১ ফেব্রুয়ারি) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বিবৃতিতে এ নির্দেশ দেওয়া হয়।

বিবৃতিতে বলা হয়, ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার যে কোনো ধরনের হেফাজতে নির্যাতন ও হত্যার নিন্দা জানায়। এতে বলা হয়, জাতীয় জীবনের প্রতিটি ক্ষেত্রে মানবাধিকার সমুন্নত রাখা এই সরকারের একটি মূল মিশন, যার মধ্যে দেশের শীর্ষস্থানীয় কিছু অধিকারকর্মী অন্তর্ভুক্ত রয়েছেন। দেশের ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কারের জন্য সরকার বেশ কয়েকটি কমিশন গঠন করেছে। এসব কমিশনের অধিকাংশই তাদের প্রতিবেদন জমা দিয়েছে।

বিবৃতিতে বলা হয়, পুলিশি জিজ্ঞাসাবাদ, অপরাধ ব্যবস্থাপনা এবং বিচারিক পদ্ধতিতে মানবাধিকার লঙ্ঘনের প্রতিটি সুযোগ নির্মূল করার প্রচেষ্টায় অন্তর্বর্তী সরকার রাজনৈতিক দলগুলির সাথে এই প্রতিবেদনগুলি নিয়ে অর্থবহ সংলাপ করবে। অন্তর্বর্তী সরকার এসব সংস্কার বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ।



## তারেক রহমানের প্রতিনিধি হয়ে 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্টে' যাচ্ছেন জাইমা

মার্কিন যুক্তরাষ্ট্রের 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট' অনুষ্ঠানে আমন্ত্রিত বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের প্রতিনিধি হয়ে অংশ নেবেন তার মেয়ে ব্যারিস্টার জাইমা রহমান।

দলের নির্ভরযোগ্য একটি সূত্র জানা গেছে, বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া এই মূহূর্তে তার বড় ছেলে তারেক রহমানের যুক্তরাজ্যের বাসায় অবস্থান করছেন। তিনি সেখানে থেকেই চিকিৎসা নিচ্ছেন। এমন অবস্থায় মাকে রেখে কোথাও যেতে চাইছেন না তারেক রহমান। এ কারণেই মার্কিন যুক্তরাষ্ট্রের 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট' অনুষ্ঠানেও যাবেন না তিনি। তবে ওই অনুষ্ঠানে নিজে উপস্থিত হতে না পারলেও, তার প্রতিনিধি হিসেবে মেয়ে জাইমা রহমানকে পাঠাচ্ছেন তিনি।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, 'আগামী ৫ ও ৬ ফেব্রুয়ারি মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিতব্য 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্টে' দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান অংশগ্রহণ করছেন না। তবে, ওই অনুষ্ঠানে তারেক রহমানের কন্যা জাইমা রহমান যোগ দেবেন।'

সূত্র আরও জানায়, মার্কিন যুক্তরাষ্ট্রে যেতে জাইমা রহমানের ভিসা ও অন্যান্য প্রয়োজনীয় প্রস্তুতি চলছে।

সবকিছু ঠিক থাকলে এটিই হবে এ ধরনের বৈশ্বিক কোনো আয়োজনে জাইমা রহমানের প্রথম অংশগ্রহণ।

এর আগে গত ১২ জানুয়ারি বিএনপি'র মিডিয়া সেলের পক্ষ থেকে জানানো হয়, 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট'অনুষ্ঠানে বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী আমন্ত্রণ জানানো হয়েছে।

উল্লেখ্য, মার্কিন কংগ্রেসের নেতৃত্বে জাতীয় প্রার্থনা প্রাতঃরাশ বা 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট' অনুষ্ঠিত হয়। ইভেন্টটি মূলত খ্রিস্টান ব্যক্তিত্ব, পাদ্রী, নির্বাচিত কর্মকর্তা এবং উদ্যোক্তাদের একটি সমাবেশ। ফেব্রুয়ারির প্রথম বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে এটি অনুষ্ঠিত হয়। এবার আগামী ৫-৬ ফেব্রুয়ারি আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

আগে এই অনুষ্ঠান পরিচিত ছিলো 'প্রেসিডেন্সিয়াল প্রেয়ার ব্রেকফাস্ট' নামে। ১৯৭০ সালে নাম পাল্টে করা হয় ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট। অনুষ্ঠানে মার্কিন প্রেসিডেন্ট হিসেবে প্রথমবারের মতো ১৯৫৩ সালে যোগ দেন দেশটির প্রেসিডেন্ট আইজেনহাওয়ার। পরবর্তীতে তার উত্তরসূরিদেরও যোগ দেওয়া রেওয়াজে পরিণত হয়েছে।

## আমরা আনুপাতিক হারে নির্বাচন চাই: জামায়াত সেক্রেটারি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে রাজনৈতিক দলগুলোর অনেক অবদান ছিল। সেই আন্দোলন আমরা তরুণ ছাত্রদের হাতে তুলে দিয়েছিলাম। আমাদের সন্তানরা সেই আন্দোলন জীবন দিয়ে, রক্ত দিয়ে সফল করেছে। আমরা আনুপাতিক হারে নির্বাচন চাই। যতটুকু সময় লাগে দ্রুত সংস্কার শেষ করে নির্বাচনী ম্যাপ তৈরি করুন।



সোমবার (২৮ অক্টোবর) বিকেলে সাতক্ষীরার পাটকেলঘাটা ফুটবল মাঠে অনুষ্ঠিত জামায়াতের কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মিয়া গোলাম পরওয়ার আরও বলেন, জামায়াতে ইসলামীর বিরুদ্ধে নতুন করে ষড়যন্ত্র শুরু হয়েছে। কেউ কেউ আওয়ামী লীগের ভাষায় কথা বলছে। ফ্যাসিবাদের লোকেরা জামায়াতে ইসলামীকে যেভাবে নির্মূল করতে চেয়েছিল, তাদের মুখেও এখন ফ্যাসিবাদের সেই গন্ধ পাওয়া যায়। এই পথ সর্বানাশার পথ। ফ্যাসিবাদ যুগের অবসান হয়েছে। একটি জাতীয় ঐক্যের ভিক্তিতে স্বাধীনতার ৫৩ বছর পরে আসুন অনৈক্য'বিভেদ, বিশৃঙ্খলা সৃষ্টিকারী কোনো ভূমিকা না নিয়ে ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্য আগস্টের মূল চেতানাকে ধারণ করে আমরা একটি অবাধ সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচনের মধ্য দিয়ে একটি নতুন বাংলাদেশ বির্নিমাণে এগিয়ে যাই।

তিনি বলেন, বিগত সাড়ে ১৫ বছরে বাংলাদেশে সংঘটিত দিনের ভোট রাতে দেওয়া, নিরপরাধ মানুষের বিরুদ্ধে মিথ্যা মামলা ও হয়রানিসহ যত অপরাধ সংঘটিত হয়েছে, সবকিছুই জালিম শেখ হাসিনার নির্দেশে হয়েছে।

তিনি আরও বলেন, নির্বাচনের আগে সব মানবতাবিরোধী অপরাধের বিচার সম্পন্ন করতে হবে। জুলাই-আগস্টে যারা জীবন দিয়েছেন, পঙ্গুত্ব বরণ করেছেন আমরা তাদের কাছে ঋণী। তাদের ঋণ পরিশোধ করতে হবে। আজকে আwমরা যে বাংলাদেশ পেয়েছি, যারা শহীদ হয়েছে তারাও সেই বাংলাদেশ চেয়েছিলেন। সুতরাং সব হত্যাকাণ্ডের বিচার হতেই হবে। জুডিসিয়াল ক্যু করে জামায়াত নেতৃবৃন্দকে ফাঁসি দেওয়া হয়েছে। সেই জুডিসিয়াল ক্যু'র সঙ্গে যারা জড়িত ছিল, তাদের বিচারের আওতায় আনতেই হবে।

সম্মেলনে তালা উপজেলা জামায়াতের আমির মাওলানা মো. মফিদুল্লাহর সভাপতিত্বে ও সেক্রেটারি অধ্যাপক ইদ্রিস আলীর সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য দেন- কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য অধ্যক্ষ মুহা. ইজ্জতউল্লাহ, কেন্দ্রীয় সাংগঠনিক সেক্রেটারি ও খুলনা অঞ্চলের পরিচালক মুহাদ্দিস আব্দুল খালেক, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মাওলানা আবুল কালাম আজাদ, কেন্দ্রীয় শূরা সদস্য মুহাদ্দিস রবিউল বাশার, সাতক্ষীরা জেলা জামায়াতের আমির উপাধ্যক্ষ শহিদুল ইসলাম মুকুল, নায়েবে আমির ডা. শেখ মাহমুদুল হক, সেক্রেটারি মাওলানা আজিজুর রহমার, সহকারী সেক্রেটারি অধ্যাপক গাজী সুজায়েত আলী, সহকারী সেক্রেটারি অধ্যাপক ওমর ফারুক, জেলা কর্মপরিষদ সদস্য ও শিবিরের সাবেক সভাপতি খোরশেদ আলম, কলারোয়া উপজেলা জামায়াতের আমির মাওলানা কামরুজ্জামান, কেশবপুর উপজেলা জামায়াতের আমির অধ্যাপক মোক্তার আলী, মাওলানা কবিরুল ইসলাম, শিবির সভাপতি আল মামুন প্রমুখ।

## তুষারপাতের কবলে যুক্তরাষ্ট্রের ৫০ অঙ্গরাজ্য




মার্কিন যুক্তরাষ্ট্রের ৫০টি অঙ্গরাজ্য তুষারপাতের কবলে পড়েছে। গত সপ্তাহের ঐতিহাসিক গালফ কোস্টের তুষারঝড়ের কারণে দেশটি বিরল লকডাউনের মুখোমুখি হয়। পৃষ্ঠা ২: কলাম ৩



**এমিরেটস রেড ক্রিসেনটের ও সংযুক্ত আরব আমিরাত দূতাবাসের সমন্বয়ে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের প্রায় ৫০০০ পরিবারের মাঝে শীতবস্ত্র ও খাদ্য সামগ্রী বিতরণ করে৷**



## ডিসেম্বরকে সামনে রেখে নির্বাচনের প্রস্তুতি নেওয়া হচ্ছে : ইসি সানাউল্লাহ

নির্বাচন কখন হবে; সেটা সরকার নির্ধারণ করবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মোহাম্মদ সানাউল্লাহ। তিনি বলেন, 'প্রধান উপদেষ্টার নির্দেশনা মোতাবেক ডিসেম্বরকে সামনে রেখেই জাতীয় নির্বাচনের প্রস্তুতি নেওয়া হচ্ছে।'

মঙ্গলবার (২৮ জানুয়ারি) সকালে ঠাকুরগাঁও রোড ডিগ্রি কলেজ হলরুমে ভোটার তালিকা হালনাগাদ-২০২৫ উপলক্ষে তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার ও নতুন ভোটারদের সঙ্গে মতবিনিময় সভা শেষে আবুল ফজল মোহাম্মদ সানাউল্লাহ এসব কথা বলেন।

সানাউল্লাহ বলেন, 'আমাদের আগামী নির্বাচনের পুরো প্রক্রিয়াটাই হবে স্বচ্ছ। আমরা নির্বাচন কমিশন যদি স্বচ্ছ পাত্র উপহার দিতে পারি, তবে সেই পাত্রে যে পানিই দেওয়া যাক না কেনো; তা স্বচ্ছ রং ধারণ করবে। পূর্বের বাস্তবতা থেকে আমরা সতর্ক আছি। পূর্বের অভিজ্ঞতাকে কাজে লাগিয়েই নির্বাচনের বিষয়ে কমিশন কাজ করছে।'

সংস্কার কার্যক্রম নিয়ে আবুল ফজল মোহাম্মদ সানাউল্লাহ বলেন, 'সংস্কার কার্যক্রম চলমান। তাই জেলা উপজেলাসহ নির্বাচন পরিচালনায় সকল ক্ষেত্রে সংস্কার করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে খসড়া তালিকা হয়ে গেলে আগামী ২ মার্চ চূড়ান্ত ভোটার তালিকা হয়ে যাবে। ভোটার তালিকা নিয়ে অভিযোগ কাটিয়ে ওঠার জন্য বাড়ি বাড়ি গিয়ে তালিকা হালনাগাদ করা হবে।'

নির্বাচন কমিশনার বলেন, 'ভুয়া ভোটার তালিকা, মৃত ভোটারদের উপস্থিতি, বিদেশি নাগরিকদের উপস্থিতি, দ্বৈত ভোটারদের উপস্থিতি, এগুলো কাটিয়ে ওঠার জন্যই ভোটার তালিকা হালনাগাদ করা হচ্ছে। কোনো অভিযোগ যাতে না আসে; সে বিষয়ে সতর্ক থেকে কাজ করবে কমিশন।'

আবুল ফজল মোহাম্মদ সানাউল্লাহ আরও বলেন, 'আমাদের প্রত্যাশা হচ্ছে আগামীতে একটা সুষ্ঠু, সুন্দর, গ্রহণযোগ্য ও প্রশ্নহীন নির্বাচন করার। এ ধরনের নির্বাচনের প্রথম শর্তই হচ্ছে স্বচ্ছ ও সুষ্ঠু ভোটার তালিকা। আগামীতে আর বাড়ি বাড়ি ভোটার করার কাজ না-ও হতে পারে। কারণ ডিজিটাল সেবা পৌঁছে যাচ্ছে। এর পর থেকে ঘরে বসেও ভোটার হওয়ার জন্য আবেদন করা যাবে।'

এ সময় আরও উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও জেলা প্রশাসক ইশরাত ফারজানা, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, জেলা নির্বাচন কর্মকর্তা মঞ্জুরুল হাসান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম, উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকতা-কর্মচারীরা।

## আমিরাতে বিশ্ব সরকার সম্মেলনে আমন্ত্রণ পেলেন ড. মুহাম্মদ ইউনূস




সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্ব সরকার সম্মেলনে অংশগ্রহণের আমন্ত্রণ পেয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

সুইজারল্যান্ডের সুইস শহরে বিশ্ব অর্থনৈতিক ফোরামের বার্ষিক সভার পাশে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক বৈঠকে অধ্যাপক ইউনূসকে এ আমন্ত্রণ জানান আমিরাতের সংস্কৃতি ও শিল্প কর্তৃপক্ষের চেয়ারপারসন শেখ লাতিফা বিনতে মোহাম্মদ বিন রাশিদ আল মাকতুম।

এ বছর ১১ থেকে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত বিশ্ব সরকার সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। বৈঠকে উভয়পক্ষই বিশ্বকে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে তরুণদের সম্ভাবনা নিয়ে আলোকপাত করেছে।

বিশ্ব অর্থনৈতিক ফোরামে অংশ নিতে সুইজারল্যান্ডের স্থানীয় সময় মঙ্গলবার সকাল ১০টায় প্রধান উপদেষ্টা জুরিখে আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। প্রধান উপদেষ্টাকে স্বাগত জানান সুইজারল্যান্ডের জেনেভার রাষ্ট্রদূত মো. আরিফুর রহমান।

সম্পাদক ও প্রকাশকঃ মোঃ হারুনুর রশীদ, নির্বাহী সম্পাদকঃ মামুনুর রশীদ, বার্তা সম্পাদকঃ মোহাম্মদ ইয়াছিন সেলিম, সহ-বার্তা সম্পাদকঃ আব্দুল্লাহ আল শাহীন, সহ সম্পাদকঃ মোহাম্মদ নাজমুল হক, প্রকাশক কর্তৃক ১০/সি, নয়া পল্টন (নিচতলা), ঢাকা-১০০০, বাংলাদেশ থেকে প্রকাশিত ও পারভেজ প্রিন্টিং প্রেস এন্ড প্যাকেজিং, ২৬৬/১ ফকিরাপুল, ঢাকা-১০০০, বাংলাদেশ থেকে মুদ্রিত।